

ট্যাক্স রিফান্ড বেড়ে গড়ে ৭৭৫ ডলার

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি ট্যাক্স মৌসুমে ট্যাক্স রিটার্নের অর্থ অর্থ্যাৎ ট্যাক্স রিটার্ন গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেড়েছে। আইআরএস এর "ওয়ান, ২৩-এর পৃষ্ঠায় দেখুন

জেএফকে-লাগুর্ডিয়া-নিউয়ার্ক বিমানবন্দরে

টিএসএ চেকিং দীর্ঘ হওয়া আশঙ্কা



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি - ডিএইচএস'র আংশিক শাটডাউনে অর্থায়ন বন্ধ থাকার প্রভাব পড়তে শুরু করেছে বিমানবন্দরের টিএসএ নিরাপত্তা ব্যবস্থায়। বিশেষ করে নিউইয়র্কের ও নিউজার্সীর ব্যস্ত তিনটি ১১-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 25 / March 16, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ২৫ ‖ সোমবার, মার্চ ১৬, ২০২৬, চৈত্র ০২, ১৪৩২ ‖ রমজান ২৬, ১৪৪৭

গুরুতর অপরাধে অভিযুক্ত ১০ বাংলাদেশি গ্রেপ্তার



বাংলা পত্রিকা রিপোর্ট: ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর সাম্প্রতিক অভিযানে যুক্তরাষ্ট্রের গুরুতর অপরাধে জড়িত একাধিক অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করেছে। শিশু নির্যাতন, ধর্ষণ, যৌন সহিংসতা, মাদক পাচার, প্রতারণা এবং হামলার মতো নানা অপরাধে দোষী সাব্যস্ত বা অভিযুক্ত ব্যক্তিদের এই অভিযানে আটক করা হয়েছে বলে জানিয়েছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। গুরুতর অপরাধে অভিযুক্ত এসব অবৈধ অভিবাসীর তালিকায় কয়েকজন ১০-এর পৃষ্ঠায় দেখুন

কোভিড সময়ের জরিমানার অর্থ ফেরত পেতে পারেন ট্যাক্স দাতারা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: কোভিড-১৯ মহামারির সময় কর সংক্রান্ত জরিমানা বা সুদ দিয়ে থাকলে যুক্তরাষ্ট্রের লাখো ট্যাক্সদাতারা এখন ফেরত পাওয়ার সুযোগ পেতে পারেন বলে জানিয়েছেন ট্যাক্স বা কর আইনজীবীরা। আদালতের এক রায়ের কারণে এই সম্ভাবনা তৈরি হয়েছে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করলে অনেকেই অর্থ ফেরত পেতে পারেন। ইউএসটুডের প্রতিবেদনে এমনটি জানানো হয়েছে।

যুক্তরাষ্ট্রের ট্যাক্স আইন অনুযায়ী, যখন কোনো বড় দুর্যোগ ঘোষণা করা হয়, তখন ট্যাক্স জমা দেওয়ার সময়সীমা স্বয়ংক্রিয়ভাবে বাড়ানো যায়। একটি ফেডারেল আদালত গত নভেম্বরে রায় দেয় যে কোভিড ১৯ জনস্বাস্থ্য জরুরি অবস্থা যা ২০ জানুয়ারি ২০২০ থেকে ১১ মে ২০২৩ পর্যন্ত চলেছিল, তা এই বিধানের আওতায় পড়ে। আইন অনুযায়ী দুর্যোগ সময়ের সঙ্গে অতিরিক্ত ৬০ দিন যোগ হওয়ায় ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ কর বছরের জন্য কার্যত নতুন শেষ তারিখ দাঁড়ায় ১০ জুলাই ২০২৩।

কর বিশেষজ্ঞদের মতে, ওই সময়ের মধ্যে ট্যাক্স জমা ১০-এর পৃষ্ঠায় দেখুন

পড়ে আছে বিলিয়ন ডলারের অদাবিকৃত অর্থ-সম্পদ

আমেরিকান নাগরিকদের অনুসন্ধানের আহ্বান

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান এবং সরকারি সংস্থাগুলোর কাছে পড়ে আছে বিলিয়ন বিলিয়ন ডলারের অদাবিকৃত অর্থ ও সম্পদ। অনেক নাগরিকই জানেন না যে তাদের নামে ব্যাংক অ্যাকাউন্ট, বেতন চেক, বীমা দাবি কিংবা অন্যান্য অর্থ বছরের পর বছর দাবি না করেই রয়ে গেছে। তাই নাগরিকদের নিজেদের নামে কোনো অর্থ বা সম্পদ আটকে আছে কি না তা অনলাইনে যাচাই করার আহ্বান জানিয়েছে ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আনক্লেইমড প্রপার্টি অ্যাডমিনিস্ট্রেটর্স।

বিশেষজ্ঞরা বলছেন, কয়েক মিনিট সময় নিয়ে অনলাইনে নিজের নাম দিয়ে অনুসন্ধান করলে অনেকেই অপ্রত্যাশিতভাবে অর্থ পাওয়ার সুযোগ পেতে পারেন। তাই নাগরিকদের নিজেদের আর্থিক তথ্য যাচাই করে দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

অদাবিকৃত সম্পদ বিষয়ক ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আনক্লেইমড প্রপার্টি অ্যাডমিনিস্ট্রেটর্স ৯-এর পৃষ্ঠায় দেখুন

কয়েক সপ্তাহ চলবে ইরান যুদ্ধ

ইঙ্গিত ট্রাম্প প্রশাসন ও ইসরায়েলের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কর্মকর্তারা ইঙ্গিত দিয়েছেন যে ইরানের সঙ্গে চলমান যুদ্ধ কয়েক সপ্তাহ চলতে পারে, যদিও অর্থনীতিবিদরা সতর্ক করেছেন যে মধ্যপ্রাচ্যের তেলের ব্যাঘাত বৈশ্বিক অর্থনীতিতে মন্দার কারণ হতে পারে। ট্রাম্প প্রশাসন আশাবাদ ব্যক্ত করেছে যে সংঘাত শীঘ্রই শেষ হবে, আর ইসরায়েল সামরিক অভিযানকে আরও তিন সপ্তাহ পর্যন্ত চালিয়ে যাওয়ার পরিকল্পনা করছে। একই সময়ে, হরমুজের স্রোতপথের নিরাপত্তা, ইরানের ক্ষেপণাস্ত্র হামলা এবং মধ্যপ্রাচ্যের সঙ্কট নিয়ে আন্তর্জাতিক উদ্বেগ বৃদ্ধি পাচ্ছে।

সিএনএন ১০-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে ইউ ভিসা পেতে

'ভুয়া ডাকাতির' নাটক : ১১ ভারতীয় অভিযুক্ত



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভিবাসন সুবিধা ইউ ভিসা পাওয়ার জন্য সাজানো সশস্ত্র ডাকাতির ঘটনা ঘটানোর অভিযোগে ১১ জন ভারতীয় নাগরিকের বিরুদ্ধে মামলা করেছে ডিপার্টমেন্ট অব জাস্টিস। ডিওজে কর্তৃপক্ষ বলছে, পরিকল্পিতভাবে কয়েকটি দোকানে ভুয়া ডাকাতির ঘটনা সাজানো হয়েছিল যাতে দোকানের কর্মচারীরা নিজেদের সহিংস অপরাধের শিকার হিসেবে দেখিয়ে বিশেষ ইউ ভিসার আবেদন করতে পারেন। ২০২৩ সালের মার্চে ম্যাসাচুসেটসের অন্তত ছয়টি কনভিনিয়েন্স স্টোর ও মদের দোকানে এসব 'ভুয়া' ডাকাতির ঘটনা ঘটে। শুক্রবার ডিপার্টমেন্ট অব জাস্টিস এর ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতি বিষয়টি নিশ্চিত করা হয়।

অভিযোগ অনুযায়ী, রিচডেল ফুড শপস, সুপার মার্ট, মাইকেলস ওয়াইন অ্যান্ড স্পিরিটস, যোগিস লিকার্স, জিমিস মার্কেট অ্যান্ড লিকার্স এবং অস্টিনস লিকার্স শপে বিভিন্ন সময়ে ডাকাতির ঘটনা হয়।

অভিযুক্তরা ৬-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে 'এমপক্স ক্লেড-১' আক্রান্ত রোগী শনাক্ত

সিটি স্বাস্থ্য বিভাগের সতর্কতা জারী

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে প্রথমবারের মতো এমপক্স ক্লেড-১ ভাইরাস শনাক্ত হওয়ার খবর পাওয়া গেছে। এর পর স্বাস্থ্য সতর্কতা জারি করেছে সিটির স্বাস্থ্য বিভাগ। কর্তৃপক্ষ জানিয়েছে, আন্তর্জাতিক ভ্রমণ শেষে ফেরা এক ব্যক্তির শরীরে এমপক্স ক্লেড-১ সংক্রমণ ধরা পড়েছে। বর্তমানে তিনি সুস্থ হয়ে উঠছেন এবং সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত আইসোলেশনে রয়েছেন। শুক্রবার সতর্কবার্তা জারি করে নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড মেন্টাল ৬-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

তত্ত্বাবধায়ক পুনরুজ্জীবিতের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

সরকারপ্রধান হবেন সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিই

নিজস্ব প্রতিবেদক : নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনরুজ্জীবিত করে দেশের সর্বোচ্চ আদালতের দেওয়া রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি প্রকাশিত হয়েছে। গত বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ৭৪ পৃষ্ঠার এ রায়টি প্রকাশ হয়। রায় অনুযায়ী, ১৯৯৬ সালে ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে যে প্রক্রিয়ায় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছিল, সেটি বহাল রেখেছেন সর্বোচ্চ আদালত। অর্থাৎ তত্ত্বাবধায়ক সরকার গঠনের সময় সবশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিই হবেন এ সরকারের প্রধান। আর আপিল বিভাগের এ রায়ের ফলে পুনরুজ্জীবীত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা কার্যকর হবে আগামী চতুর্দশ জাতীয় সংসদ নির্বাচনের সময়।

গত বছরের ২০ নভেম্বর তখনকার প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে গঠিত আপিল বেঞ্চ তত্ত্বাবধায়ক সরকার প্রবর্তন করে আনা ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায়ের বিরুদ্ধে উদ্ভূত আপিল মঞ্জুর ও এ সংক্রান্ত রিভিউ (রায় পুনর্বিবেচনার আবেদন) নিষ্পত্তি করে রায় দেয়। রায়ে বলা হয়, 'আপিল বিভাগের রায়টি (ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায়) নথিদৃষ্টে স্পষ্টভাবে প্রতীয়মান একাধিক ত্রুটিতে ত্রুটিপূর্ণ, কলঙ্কিত। অতএব রায়টি সম্পূর্ণরূপে বাতিল করা হলো।' রায়ে সংবিধানের চতুর্থ ভাগের পরিচ্ছেদ ২ক এর নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার সম্পর্কিত বিধানাবলি যা সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ (১৯৯৬ সালের ১ নম্বর আইন) এর ধারা ৩ দ্বারা সন্নিবেশিত হয়েছিল, তা এই রায়ের মাধ্যমে পুনরুজ্জীবিত ও সক্রিয় করা হলো।' রায়ে বলা হয়, 'পুনঃস্থাপিত ও পুনরুজ্জীবিত পরিচ্ছেদ ২ক এ বর্ণিত নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার সংক্রান্ত বিধানাবলি কেবল উক্তরূপ ভবিষ্যত প্রয়োগযোগ্যতার ভিত্তিতে কার্যকর হবে।' এ মামলায় সুশাসনের জন্য নাগরিকের (সুজন) পক্ষে শুনানিকারী আইনজীবী ড. শরীফ ভূঁইয়া সাংবাদিকদের বলেন, আপিল বিভাগের এ রায়ের পরিপ্রেক্ষিতে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা কার্যকর হবে আগামী সংসদ নির্বাচনের সময়।

২০১১ সালে তখনকার প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের নেতৃত্বে গঠিত আপিল বিভাগ সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে ত্রয়োদশ সংশোধনীকে অবৈধ ও বাতিল বলে ঘোষণা করে। তবে, পূর্ণাঙ্গ রায় প্রকাশের আগেই ওই বছর তখনকার আওয়ামী লীগ সরকার (এখন কার্যক্রম নিষিদ্ধ) জাতীয় সংসদে সংবিধানের পঞ্চদশ সংশোধনী এনে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল করে দেয়।

রক্তক্ষয়ী গণঅভ্যুত্থানের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। পরিবর্তিত পরিস্থিতিতে ২৫ আগস্ট সুশাসনের জন্য নাগরিকের (সুজন) পক্ষে সম্পাদক বদিউল আলম মজুমদারসহ পাঁচজন ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায়ের বিরুদ্ধে রিভিউ আবেদন করেন। এরপর পৃথক সময়ে একই বিষয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, নওগাঁর রানীনগরের বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জল হোসেন এ মামলার আপিলে পক্ষভুক্ত হন।

সংবিধান সংস্কার পরিষদ নিয়ে উত্তপ্ত সংসদ

নিজস্ব প্রতিবেদক : জুলাই জাতীয় সনদের প্রস্তাব বাস্তবায়নে সংবিধান সংস্কার পরিষদ গঠন নিয়ে জাতীয় সংসদে উত্তপ্ত বিতর্ক হয়েছে। জুলাই সনদবিষয়ক আদেশ অনুসারে নির্ধারিত সময়ে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান না করায় সংসদে উদ্বেগ প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির শফিকুর রহমান। তিনি বলেছেন, বিষয়টি সংসদে সমাধান না হলে তারা রাজপথেও নামবেন।

এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে পরামর্শ দিতে পারেন না। রাষ্ট্রপতিও অধিবেশন ডাকতে পারেন না বলেই তা করেননি। বিরোধীদলীয় নেতাকে সংবিধান সংস্কারের বিষয়ে সংসদের কার্য উপদেষ্টা কমিটিতে আলোচনার প্রস্তাব দেন তিনি। গতকাল রবিবার বেলা ১১টায় ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনের কার্যক্রম শুরু হয়। বিকেলে সংসদ অধিবেশন ২৯ মার্চ বেলা ৩টা পর্যন্ত মুলতবি ঘোষণা করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীরবিক্রম)। সবাইকে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানানোর পাশপাশি ঈদের আগাম শুভেচ্ছা জানান তিনি।

সংসদে ডা. শফিকুর রহমান বলেন, "জুলাই গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে গঠিত এ সংসদ নির্বাচনী প্রক্রিয়া অনুসরণ করে গঠিত হয়নি। এটি প্রসিডেনশিয়াল অর্ডারের মাধ্যমে হয়েছে, যা ১৩ নভেম্বর ২০২৫ তারিখে জারি করা হয়েছিল। এ অর্ডারের ১৫টি নির্দেশিকার ৩ থেকে ১৫ নম্বর বিষয়গুলো 'জুলাই সনদ' এবং গণভোটের সঙ্গে সম্পর্কিত।"

বিরোধীদলীয় নেতা বলেন, 'অর্ডারের ১০ নম্বর নির্দেশিকায় বলা হয়েছে, সংসদ নির্বাচনের ফল ঘোষিত হওয়ার ৩০ পঞ্জিকা



সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান না করায় আমরা উদ্বিগ্ন। সংসদে সমাধান না হলে রাজপথে নামব

। ডা. শফিকুর রহমান
বিরোধীদলীয় নেতা



সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে পরামর্শ দিতে পারেন না

। সালাহউদ্দিন আহমদ
স্বরাষ্ট্রমন্ত্রী

দিবসের মধ্যে যে পদ্ধতিতে জাতীয় সংসদের প্রথম অধিবেশন আহ্বান করা হবে, অনুরূপ পদ্ধতিতে পরিষদের প্রথম অধিবেশনও আহ্বান করা হবে। আমার বিবেচ্য বিষয়টি এখানেই। আজ ৩০তম পঞ্জিকা দিবস, কিন্তু এর মধ্যে এ অধিবেশন আহ্বান করা হয়নি।'

সংবিধানের ৭২ অনুচ্ছেদের প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'এ অনুচ্ছেদ অনুযায়ী প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শে রাষ্ট্রপতি সংসদ আহ্বান করেন। আমরা ধরে নিচ্ছি, প্রধানমন্ত্রীর পরামর্শেই রাষ্ট্রপতি সংসদের এ সভা আহ্বান করেছেন। অর্ডারে পরিষ্কার বলা আছে, যে পদ্ধতিতে সংসদের প্রথম অধিবেশন ডাকা হবে, একই পদ্ধতিতে সংবিধান সংস্কার পরিষদের সভাও ডাকতে হবে।'

গণভোটের প্রসঙ্গ উল্লেখ করে ডা. শফিকুর রহমান বলেন, 'আদেশের বিধান অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচনের দিনই গণভোট অনুষ্ঠিত হয়েছে এবং প্রায় ৭০ ভাগ মানুষ 'হ্যাঁ' ভোট দিয়ে সংস্কারের পক্ষে রায় দিয়েছে। গণভোটের রায় বাস্তবায়নে প্রয়োজনীয় আইনও প্রণয়ন করা হয়েছে। আদেশে বলা ছিল, সংখ্যাগরিষ্ঠ ভোট 'হ্যাঁ' সূচক হলে নির্বাচিত প্রতিনিধিদের সমন্বয়ে একটি 'সংবিধান সংস্কার পরিষদ' গঠিত হবে, যা সংবিধান সংস্কার বিষয়ে সব ক্ষমতা প্রয়োগ করতে পারবে। এটি হয়নি এবং এর সময়সীমা আজ শেষ হয়েছে।'

সংসদ সদস্যদের দ্বৈত ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, 'নির্বাচিত প্রতিনিধিরা একসঙ্গে জাতীয় সংসদের সদস্য এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন; আমরা এ সুযোগ পেতে চাই। আদেশের তফসিল অনুযায়ী, আমরা ৭-এর পৃষ্ঠায় দেখুন



যুদ্ধের ভিডিও পোস্ট: আমিরাতে ভারতীয়সহ ৩৫ প্রবাসীকে গ্রেপ্তারের নির্দেশ, আছে বাংলাদেশিও



ইরানের হামলার পর ধোঁয়া উড়তে দেখা যায় আমিরাতের একটি শহর থেকে। ছবি: এএফপি

বাংলা পত্রিকা ডেস্ক: গত মাসের শেষ দিকে ইরানকে লক্ষ্য করে মার্কিন-ইসরায়েলি বাহিনীর হামলার পর মধ্যপ্রাচ্যজুড়ে শুরু হয় যুদ্ধ। এই যুদ্ধের আবহের মধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর বা বানোয়াট কন্টেন্ট সংবলিত ভিডিও পোস্ট করার দায়ে ১৯ জন ভারতীয়সহ ৩৫ জনকে গ্রেপ্তারের নির্দেশ দিয়েছে সংযুক্ত আরব আমিরাত। এই তালিকায় আছে এক বাংলাদেশিও।

সংযুক্ত আরব আমিরাত কর্তৃপক্ষ জানিয়েছে, এক তদন্তে দেখা গেছে, অভিযুক্তরা চলমান আঞ্চলিক উত্তেজনার সঙ্গে যুক্ত কারসাজি করা ফুটেজ এবং বর্ণনা প্রচারের জন্য ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করেছে। তাদের দ্রুত বিচারের মুখোমুখি করা হবে।

এই পদক্ষেপ দুই দফায় নেওয়া হয়েছে। সর্বশেষ তালিকায় ১৭ জন ভারতীয়সহ বিভিন্ন দেশের মোট ২৫ জনের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে, যাদের বিভিন্ন ধারায় অভিযুক্ত করা হয়েছে। এর আগে গত শনিবার গ্রেপ্তার করা হয় ১০ জনকে। সেই তালিকা থেকে এবারের তালিকা আলাদা। আগের তালিকায় ২ জন ভারতীয় ছিল।

সংযুক্ত আরব আমিরাতের অ্যাটর্নি জেনারেল ড. হামাদ সাইফ আল শামসি এক বিবৃতিতে বলেছেন, জনশৃঙ্খলা বিঘ্নিত করতে এবং সাধারণ ৭-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে আবহাওয়া সতর্কতা

উত্তরে তুষারঝড়, পূর্বে ঝড় আশঙ্কা, পশ্চিমে তাপপ্রবাহ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রজুড়ে একাধিক তীব্র আবহাওয়া পরিস্থিতির কারণে সতর্কতা জারী করা হয়েছে। আবহাওয়াবিদদের মতে, দেশের উত্তরাঞ্চলে তুষারঝড়ের আশঙ্কা, পূর্ব ও মধ্যাঞ্চলে শক্তিশালী ঝড় ও সম্ভাব্য টর্নেডো, আর পশ্চিমাঞ্চলে মৌসুমের শুরুতেই অস্বাভাবিক তাপপ্রবাহ দেখা দিতে পারে। এমনটি প্রতিবেদনে জানিয়েছে সিবিএস নিউজ।

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী, প্রায় ১ কোটি ১৫ লাখ মানুষ তুষারঝড় সতর্কতার আওতায় রয়েছে। আরও প্রায় ৪৩ লাখ মানুষের জন্য জারি হয়েছে শীতকালীন ঝড় সতর্কতা। একই সময়ে প্রায় ২ কোটি ৬০ লাখ মানুষকে সম্ভাব্য চরম তাপপ্রবাহের জন্য সতর্ক করা হয়েছে।

সিবিএস নিউজ জানায় একটি শক্তিশালী ঝড় যুক্তরাষ্ট্রের উত্তরাঞ্চলের সমতলভূমি ও গ্রেট লেকস অঞ্চলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করতে পারে। আবহাওয়াবিদরা বলছেন, এই ঝড়ের কারণে প্রাণঘাতী ভ্রমণ পরিস্থিতি সৃষ্টি হতে পারে এবং সোমবার দেশের পূর্বাঞ্চলের বড় অংশে শক্তিশালী বাতাস ও টর্নেডোর ঝুঁকিও বাড়বে। অন্যদিকে পশ্চিম যুক্তরাষ্ট্রে পুরো সপ্তাহজুড়ে অস্বাভাবিকভাবে আগাম তাপপ্রবাহ দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে।

প্রতিবেদনে আরো বলা হয়, উত্তরাঞ্চলের সমতলভূমি ও আপার গ্রেট লেকস এলাকায় দ্রুত শক্তিশালী হয়ে ওঠা একটি ঝড় ইতোমধ্যেই তুষারঝড় পরিস্থিতি তৈরি করেছে। ন্যাশনাল ওয়েদার সার্ভিস জানিয়েছে, পূর্ব সাউথ ডাকোটা থেকে শুরু করে উইসকিনসন ও মিশিগান-এর আপার পেনিনসুলা পর্যন্ত এলাকায় তীব্র তুষারপাত ও প্রবল বাতাস দেখা যাচ্ছে। কিছু এলাকায় এক ফুটেরও বেশি তুষার জমেছে এবং আরও কয়েক ইঞ্চি তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

মিনিসোটা, মিশিগান ও উইসকিনসন সড়ক পরিস্থিতি অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। তুষারে ঢেকে যাওয়া রাস্তা ও কম দৃশ্যমানতার কারণে ভ্রমণকারীদের সতর্ক করা হয়েছে। ঝড়ের কারণে মিনিয়াপোলিস সেন্ট পল এয়ারপোর্ট থেকে ছেড়ে যাওয়া ও সেখানে অবতরণ করার কথা ছিল এমন ৬০০-র বেশি ফ্লাইট বাতিল করা হয়েছে। এছাড়া ডেট্রয়েট থেকেও বেশ কিছু ফ্লাইট বাতিল হয়েছে।

দক্ষিণ মিনেসোটায় ভ্রমণ না করার পরামর্শ দিয়েছে কর্তৃপক্ষ। পরিস্থিতি মোকাবিলায় অঙ্গরাজ্যের গভর্নর টিম ওয়াল্টজ জরুরি সহায়তার জন্য মিনেসোটা ন্যাশনাল গার্ডকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন।

একই ঝড়ের প্রভাবে যুক্তরাষ্ট্রের মধ্য-পশ্চিম ও দক্ষিণাঞ্চলেও শক্তিশালী বজ্রঝড় তৈরি হচ্ছে। শক্তিশালী ঠান্ডা বায়ুপ্রবাহের সঙ্গে তৈরি হওয়া ঝড়ের সারি রবিবার মধ্য-পশ্চিমের বিভিন্ন এলাকা অতিক্রম করে পূর্বদিকে অগ্রসর হওয়ার কথা। আবহাওয়াবিদরা সতর্ক করে বলেছেন, লোয়ার গ্রেট লেকস অঞ্চল থেকে শুরু করে ওহাইও ও টেনেসি উপত্যকা পর্যন্ত এলাকায় তীব্র আবহাওয়ার ঝুঁকি বাড়ছে।

সোমবার এই ঝুঁকি আরও বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। মধ্য আটলান্টিক অঞ্চলের কিছু এলাকায় মাঝারি মাত্রার তীব্র ঝড়ের আশঙ্কা রয়েছে। এসব ঝড় থেকে টর্নেডো, ক্ষতিকর দমকা হাওয়া, শিলাবৃষ্টি এবং আকস্মিক বন্যা হতে পারে। বিশেষ করে দক্ষিণ ক্যারোলাইনা থেকে মেরিল্যান্ড পর্যন্ত বিস্তৃত এলাকায় শক্তিশালী বাতাসের ক্ষতির সম্ভাবনা বেশি। এর মধ্যে র‍্যালি, রিচমন্ড এবং যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনও রয়েছে।

অন্যদিকে যখন দেশের মধ্য ও পূর্বাঞ্চল ঝড়ের পূর্বভাস দেখা দিয়েছে, তখন পশ্চিম যুক্তরাষ্ট্রে দেখা দিচ্ছে অস্বাভাবিক আগাম তাপপ্রবাহ। উচ্চচাপ বলয়ের প্রভাবে সোমবার থেকে সপ্তাহের বেশিরভাগ সময়জুড়ে দক্ষিণ ক্যালিফোর্নিয়া, মরুভূমি দক্ষিণ-পশ্চিম অঞ্চল ও গ্রেট বেসিন এলাকায় রেকর্ড উচ্চ তাপমাত্রা দেখা দিতে পারে।

মরুভূমি অঞ্চলে তাপমাত্রা ৯০ থেকে ১০০ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত পৌঁছাতে পারে। আর ক্যালিফোর্নিয়া ও অভ্যন্তরীণ পশ্চিমাঞ্চলের অনেক এলাকায় তাপমাত্রা ৭০ থেকে ৮০ ডিগ্রি ফারেনহাইটের মধ্যে থাকতে পারে। আবহাওয়াবিদরা বলছেন, উষ্ণ, শুষ্ক ও বাতাসপূর্ণ আবহাওয়ার কারণে পশ্চিমাঞ্চলের কিছু এলাকায় দাবানলের ঝুঁকিও বাড়তে পারে।



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

সংসদ হোক জনস্বার্থের কেন্দ্র

অবশেষে ১২ মার্চ দীর্ঘ প্রায় ১৮ বছর পর দেশে সরাসরি জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত ত্রয়োদশ জাতীয় সংসদের যাত্রা শুরু হয়েছে। শেখ হাসিনা সরকারের সময়ে বিশেষ করে শেষ তিন মেয়াদে দেশের জনগণের জাতীয় সংসদ নিয়ে তেমন একটা আগ্রহ দেখা যায়নি। কারণ, একক দলীয় সংসদ সদস্য এবং গৃহপালিত তকমা পাওয়া বিরোধী দল নিয়ে সংসদ আসলে জমেনি। ফলে এর প্রতি জনগণের তেমন আকর্ষণ ছিল না।

সংসদ মানে হলো সরকারি ও বিরোধী দলের মধ্যে যুক্তি ও তথ্যের কথাযুদ্ধ। আর দুই পক্ষেরই থাকবে দেশ তথা জনগণের প্রতি দায়বদ্ধতা। কিন্তু আমাদের দেশে সে রকম সংসদের চিত্র পাওয়া বাস্তবিক পক্ষে অসম্ভব। কারণ, এখানে আর কেউ জনগণের প্রতি দায়বদ্ধতা থেকে আসেন না। যদিও তাঁরা সংসদে আসার আগে নানা ধরনের প্রতিশ্রুতি দিয়ে থাকেন। তারপরেও এবারের সংসদের প্রথম অধিবেশন নিয়ে দেশের মানুষের আগ্রহ ছিল।

অধিবেশনের প্রথম দিনেই রাষ্ট্রপতির ভাষণের বিরোধিতা করে বিরোধী দলের সদস্যদের ওয়াকআউট এবং সংসদের বাইরে বিভিন্ন দাবি নিয়ে এনসিপির প্ল্যাকার্ড নিয়ে দাঁড়ানো দেশের অধিকাংশ মানুষ নেতিবাচক হিসেবে দেখেছে। সে চিত্রটা সামাজিক যোগাযোগমাধ্যমে নানা জনের পোস্টের মাধ্যমে বোঝা গেছে। কারণ, শেখ হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের উপদেষ্টারা একই রাষ্ট্রপতির কাছে শপথ গ্রহণ করেছিলেন। সংসদে কেন তাহলে রাষ্ট্রপতি অপাঙ্‌ক্তেয় হবেন? এই ঘটনা প্রমাণ করেছে পুরোনো ব্যবস্থার অবশেষ আর নতুন পরিস্থিতির মধ্যে এখনো একধরনের মনস্তাত্ত্বিক টানাপোড়েন বিদ্যমান। তবে প্রধানমন্ত্রী তারেক রহমান এবং বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের বক্তব্যে সংসদকে 'অধিকার লঙ্ঘনকারীদের ক্লাব' থেকে মুক্ত করে 'জনগণের সংসদ' হিসেবে গড়ে তোলার যে প্রত্যয় ব্যক্ত হয়েছে, তা ইতিবাচক।

একটি সংসদ তখনই কার্যকর হয় যখন তা কেবল সংখ্যাগরিষ্ঠের মতামতের পক্ষে সীমাবদ্ধ না থেকে অর্থবহ বিতর্কের জায়গায় পরিণত হয়। বর্তমান সংসদকে কার্যকর করার জন্য বিরোধিতার জন্য বিরোধিতা নয়, বরং যুক্তিযুক্ত তর্কের মাধ্যমে সংসদকে প্রাণবন্ত করতে হবে। এটি নিশ্চিত করতে সংসদীয় কমিটিতে সরকার ও বিরোধী দলের সদস্যদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। মন্ত্রণালয়গুলোর জবাবদিহি নিশ্চিত করতে সংসদীয় স্থায়ী কমিটিগুলোকে দলীয় প্রভাবমুক্ত করতে হবে। কমিটির বৈঠক নিয়মিত হওয়া এবং সেখানে জনস্বার্থসংশ্লিষ্ট বিষয় আলোচিত হওয়া দরকার।


সংসদ কেবল আইন পাসের জায়গা নয়, বরং তা হওয়া উচিত জনমতের আকাঙ্ক্ষা প্রতিফলনের স্থান। বিগত সরকারের সময়ের 'ডামি সংসদ' কিংবা 'একতরফা সংসদ'-এর জায়গা থেকে বেরিয়ে আসা দরকার। গণতন্ত্রের প্রাণ হলো বিতর্ক। জাতীয় স্বার্থকে দলীয় স্বার্থের ঊর্ধ্বে রেখে সংসদকে কার্যকর করতে হবে। এ ক্ষেত্রে স্পিকারের ভূমিকা হতে হবে নিরপেক্ষ, যাতে তিনি কেবল সরকারি দলের প্রতিনিধি না হয়ে সমগ্র সংসদের অভিভাবক হিসেবে গণ্য হতে পারেন।

রাষ্ট্রপতির ভাষণ নিয়ে যে সাংবিধানিক বাধ্যবাধকতা ও রাজনৈতিক বিরোধ তৈরি হয়েছে, তা আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা উচিত। গণতন্ত্রের পথে কোনো 'খারাপ দৃষ্টান্ত' যেন দীর্ঘস্থায়ী ক্ষত তৈরি না করে। কারণ, গণ-অভ্যুত্থানের প্রত্যাশা পূরণ করার জন্য এই সংসদকে কার্যকর করার বিকল্প নেই।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

রাষ্ট্র কি নিজের দায়িত্ব এড়াচ্ছে

ড. মোর্তুজা আহমেদ



সম্প্রতি আইনমন্ত্রী বলেছেন, 'সরকারি বেতনে যার পোষাবে না, তার বদলে নতুন করে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেবে সরকার; তবে কোনো রকম দুর্নীতি, স্বজন-প্রীতি বরদাশত করা হবে না।' শুনতে দৃঢ় ও নীতিমান মনে হলেও বাস্তবতার মাটিতে দাঁড়ালে এ বক্তব্য প্রশ্নবিদ্ধ। কারণ, এখানে সমস্যার মূল জায়গাটিকে পাশ কাটিয়ে দায়িত্ব ব্যক্তির ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। বরং এটি জনগণের মনে আরও গভীর একটি প্রশ্ন জাগায়–রাষ্ট্র কি সত্যিই বুঝতে পেরেছে, দুর্নীতি কেন হয়? আর দুর্নীতি কি শুধুই ব্যক্তিগত চরিত্রের সমস্যা, নাকি কাঠামোগত ব্যর্থতার একটি অনিবার্য ফল?

কম বেতনে সৎ থাকার 'আদেশ'–এ কি ন্যায়সংগত? ধরা যাক, একজন সরকারি কর্মকর্তা প্রতি মাসে ৩০-৩৫ হাজার টাকায় পরিবার চালাচ্ছেন। ঢাকায় বা জেলা শহরে বাসাভাড়া, সন্তানদের স্কুল ফি, মুদিখানা, চিকিৎসা, যাতায়াত একটি পরিবারের ন্যূনতম ব্যয়ই প্রায় ৫০-৬০ হাজার টাকা। এই ঘাটতির টাকা তিনি কোথায় পাবেন? রাষ্ট্র যদি বলে যার পোষাবে না, সে চাকরি ছাড়ুক–তাহলে এটি রাষ্ট্রের দায়িত্ব থেকে সরে দাঁড়ানো নয়কি?

সরকারি চাকরি কোনো দয়া নয়; এটি রাষ্ট্র ও নাগরিকের মধ্যে দীর্ঘমেয়াদি সামাজিক চুক্তি। কর্মচারী জনগণকে সেবা দেবেন, আর রাষ্ট্র তাঁকে দেবে একটি সম্মানজনক জীবনযাত্রার নিশ্চয়তা। কিন্তু যখন এই নিশ্চয়তা অনুপস্থিত, তখন সেই একই রাষ্ট্র আবার কর্মচারীর কাছে শতভাগ সততা দাবি করে! এক হাতে ক্ষুধা, আরেক হাতে সততার ভার কি মানুষ বহন করতে পারে?

কম বেতন ও দুর্নীতি একটি অবধারিত যোগসূত্র। কম বেতনে রাখা হলে ঘুষ, দুর্নীতি ও অনৈতিক আয়ের লোভ তৈরি হয়। বিভিন্ন গবেষণায় দেখা গেছে, যেসব দেশে সরকারি বেতন প্রতিযোগিতামূলক ও সম্মানজনক, সেসব দেশে দুর্নীতি তুলনামূলকভাবে কম। কারণ, সেখানে সৎ থেকে জীবনযাপন করা সম্ভব।

বাংলাদেশের বাস্তবতায় একজন সৎ কর্মকর্তা প্রতিদিন আর্থিক চাপের মুখোমুখি হন। মাসের শেষে যদি বৃদ্ধ বাবা-মায়ের চিকিৎসা, সন্তানের স্কুল ফি বা বাসাভাড়ার টাকা হাতে না থাকে তখন কি আমরা আশা করব যে তিনি কোনো অতিরিক্ত সুবিধা নেওয়ার প্রলোভন থেকে শতভাগ দূরে থাকবেন? কেউই জন্মগতভাবে দুর্নীতিবাজ নয়; অনেক সময় পরিস্থিতি মানুষকে কোণঠাসা করে। রাষ্ট্র যদি নিজে সেই পরিস্থিতি তৈরি করে, তাহলে কি শুধু কর্মচারীকেই দায়ী করা ন্যায়সংগত?

দুর্নীতি শুধু খারাপ লোকের সমস্যা নয়, এটি কাঠামোগত ব্যর্থতা। দুর্নীতি তখনই বাড়ে যখন বেতন কম, জবাবদিহি দুর্বল, শাস্তির ভয় নেই, আর সৎ থাকা কঠিন। এটি একটি কাঠামো, ব্যক্তিগত ইচ্ছার প্রশ্ন নয়। ধরা যাক, একটি বিভাগে ১০ জন কাগজে-কলমে সৎ থাকার কথা। কিন্তু তাঁদের মধ্যে সাতজনই অনৈতিক আয়ে অভ্যস্ত। বাকি তিনজন যদি সম্পূর্ণ সৎ থাকতে চান, তাঁরা হয় কোণঠাসা হন, নয়তো চাকরিতে টিকে থাকা কঠিন হয়ে পড়ে। এতে প্রতিষ্ঠানগতভাবে একটি দুর্নীতির সংস্কৃতি তৈরি হয়, যেখানে সৎ থাকা ব্যতিক্রম, আর অসৎ থাকা নিয়ম! এখন মন্ত্রী বলছেন, যার পোষাবে না, সে চাকরি ছাড়ুক। তাহলে কি রাষ্ট্র এই দুর্নীতির সংস্কৃতিকে বদলাতে চাইছে, নাকি শুধু ব্যক্তিকে বদলে সমস্যাকে চাপা দিতে চাইছে?

নতুন লোক নিয়োগ সমাধান নাকি সমস্যার পুনরাবৃত্তি? কম বেতনে না পোষালে কাদের নতুন নিয়োগ দেওয়া হবে? নতুন কর্মচারী কি ভিনগ্রহ থেকে আসবেন? তাঁদেরও কি বাসাভাড়া লাগবে না? তাঁদেরও কি সন্তান থাকবে না?

নাকি তাঁরা অন্য কোনো অর্থনৈতিক বাস্তবতায় বাস করবেন? যে কাঠামোতে বেতন জীবনধারণের জন্য যথেষ্ট নয়, সেখানে নতুন লোক আসলেও অল্প দিনেই তাঁরা একই চক্রে আটকা পড়বেন। ফলে ব্যক্তি বদলায়, কিন্তু দুর্নীতি নামের ভূত রয়ে যায়।

দুর্নীতি একটি রাষ্ট্রীয় রোগ, যার প্রভাব গভীর ও বহুমাত্রিক। একটি সড়ক নির্মাণ প্রকল্পে যেখানে ১০০ টাকা লাগার কথা, দুর্নীতির কারণে সেখানে ১৫০-২০০ টাকা খরচ হয়। সরকারি পণ্য ক্রয়ের ক্ষেত্রে মান কমে, ব্যয় বাড়ে। বিদেশি বিনিয়োগকারীরা দেশকে ঝুঁকিপূর্ণ হিসেবে দেখেন। জনগণ সরকার ও প্রশাসনের ওপর আস্থা হারায়।

অর্থনীতির ওপর তৈরি হয় অদৃশ্য চাপ, যা শেষ পর্যন্ত উন্নয়নকে ধীর করে দেয়।

এটাই দুর্নীতির সবচেয়ে বড় ক্ষতি। এটি একটি দেশের অর্থনীতির মেরুদণ্ড ভেঙে দেয়। এখানে প্রশ্ন হলো যে রাষ্ট্র নিজেই একটি কাঠামো তৈরি করেছে, যেখানে কর্মচারীরা মৌলিক চাহিদা থেকে বঞ্চিত, সেখানে দুর্নীতি কীভাবে সত্যিকারের শত্রু হিসেবে বিবেচিত হবে? দুর্নীতি কি তখন 'অপরাধ', নাকি বেঁচে থাকার সংগ্রাম?

দুর্নীতি দমন কেবল শাস্তিতে হয় না, প্রয়োজন কাঠামো বদলানো। দুর্নীতি কমাতে হলে রাষ্ট্রকে তিনটি কাজ করতে হয়–ন্যায্য ও সম্মানজনক বেতনকাঠামো তৈরি করা; স্বচ্ছ বদলি, পদোন্নতি ও কর্মদক্ষতা মূল্যায়ন করা এবং স্বাধীন ও শক্তিশালী জবাবদিহি প্রতিষ্ঠান গড়া। শুধু 'দুর্নীতি বরদাশত করা হবে না' বললে কোনো দিন কাজ হবে না। যেখানে সৎ থাকা প্রায় অসম্ভব, সেখানে রাষ্ট্র কীভাবে আশা করে দুর্নীতি বন্ধ হবে?

> দুর্নীতি একটি রাষ্ট্রীয় রোগ, যার প্রভাব গভীর ও বহুমাত্রিক। একটি সড়ক নির্মাণ প্রকল্পে যেখানে ১০০ টাকা লাগার কথা, দুর্নীতির কারণে সেখানে ১৫০-২০০ টাকা খরচ হয়। সরকারি পণ্য ক্রয়ের ক্ষেত্রে মান কমে, ব্যয় বাড়ে। বিদেশি বিনিয়োগকারীরা দেশকে ঝুঁকিপূর্ণ হিসেবে দেখেন। জনগণ সরকার ও প্রশাসনের ওপর আস্থা হারায়...

রাজনীতিবিদেরা যখন বলেন 'যার পোষাবে না, সে চাকরি ছাড়ুক', তখন জনগণের মনে স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে রাষ্ট্র কি তার নিজের দায়িত্ব স্বীকার করতে চায় না? কম বেতনে সততার পরীক্ষা নিতে গিয়ে কি রাষ্ট্র কর্মচারীদের মানবিক বাস্তবতা উপেক্ষা করছে? দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ কি সত্যিই যুদ্ধ, নাকি কাগজে ঘোষণা? যে কাঠামো দুর্নীতি জন্ম দেয়, সেটিকে বদলানো ছাড়া কি সত্যিই দুর্নীতি কমানো সম্ভব?

রাষ্ট্র যদি সৎ প্রশাসন চায়, তাহলে রাষ্ট্রকেই সৎ থাকার পরিবেশ তৈরি করতে হবে। শুধু নৈতিক উপদেশে নয়, বাস্তবসম্মত সংস্কারে। কারণ, কম বেতনে সততার দাবি শুধু অন্যায্য নয়, বিপজ্জনকও। এটা দুর্নীতিকে গভীরে ঠেলে দেয়, আর ক্ষতিগ্রস্ত হয় পুরো দেশ, পুরো অর্থনীতি।

লেখক: সহযোগী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন, খুলনা বিশ্ববিদ্যালয়

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

বাংলাদেশ | জিন্দাবাদ

- শহীদ জিয়া অমর হউক
- বেগম খালেদা জিয়া জিন্দাবাদ
- তারুণ্যের অহংকার তারেক রহমান জিন্দাবাদ



বিশিষ্ট রাজনীতিবিদ নিয়োগ
জনাব **আবুল কাহের চৌধুরী শামীম**
সিলেট জেলা পরিষদের প্রশাসক নিয়োগ দেয়ায়
বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী ও
বিএনপির চেয়ারম্যান জনাব **তারেক রহমানকে**
প্রাণঢালা অভিনন্দন।





বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর
জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সিলেট জেলা
বিএনপির সাবেক সভাপতি বিশিষ্ট রাজনীতিবিদ এবং
সমাজসেবক জনাব **আবুল কাহের চৌধুরী শামীম**
সিলেট জেলা পরিষদের প্রশাসক হিসেবে দায়িত্ব
পাওয়ায় লাল গোলাপ শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন।

আবুল কাহের চৌধুরী শামীম
পরিষদ প্রশাসক, সিলেট জেলা

অভিনন্দনক্রমে

যুক্তরাষ্ট্রে বসবাসরত ঐক্যবদ্ধ সিলেটবাসী

নিউইয়র্কে 'এমপক্স ক্লেড-১' আক্রান্ত রোগী শনাক্ত

প্রথম পৃষ্ঠার পর

জানায়, আক্রান্ত ব্যক্তি সম্প্রতি ইউরোপ সফর করেছিলেন। পরীক্ষার ফল নিশ্চিত করতে অতিরিক্ত পরীক্ষা পরিচালনা করেছে সেন্ট্রাল ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন । স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা জানান, নিউইয়র্ক সিটিতে এটি ক্লেড-১ এমপক্স আক্রান্ত রোগী প্রথম শনাক্ত করা হয়েছে এবং যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত এই ধরনটির মোট ১২টি সংক্রমণ ধরা পড়েছে।

স্বাস্থ্য কর্মকর্তারা বলছেন, আক্রান্ত ব্যক্তি চিকিৎসকের পর্যবেক্ষণে আছেন এবং তার উপসর্গ ধীরে ধীরে কমছে। পাশাপাশি সম্ভাব্য সংস্পর্শে আসা ব্যক্তিদেরও পর্যবেক্ষণে রাখা হয়েছে।

এমপক্স একটি সংক্রামক ভাইরাসজনিত রোগ, যা আগে "মাঙ্কিপক্স" নামে পরিচিত ছিল। এই রোগের কারণে শরীরে বেদনাদায়ক ফুসকুড়ি বা ক্ষত তৈরি হতে পারে এবং সাধারণত দুই থেকে চার সপ্তাহ পর্যন্ত স্থায়ী হয়। এছাড়া জ্বর, মাথাব্যথা, পেশিতে ব্যথা, পিঠে ব্যথা, দুর্বলতা এবং লিম্ফ নোড ফুলে যাওয়া এই রোগের সাধারণ উপসর্গ।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন এর তথ্য অনুযায়ী, আক্রান্ত ব্যক্তির সঙ্গে ঘনিষ্ঠ সংস্পর্শের মাধ্যমে এই ভাইরাস ছড়াতে পারে।

নিউইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগের কমিশনার অ্যালিস্টার মার্টিন বলেন, বর্তমানে সিটি এই ভাইরাসের স্থানীয় সংক্রমণের প্রমাণ পাওয়া যায়নি এবং সাধারণ মানুষের জন্য ঝুঁকি এখনো কম। তবে সতর্কতা হিসেবে চিকিৎসকদের সম্ভাব্য উপসর্গ শনাক্ত করা এবং প্রয়োজনে দ্রুত পরীক্ষা করার নির্দেশনা দেওয়া হয়েছে।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, টিকা গ্রহণ করলে এমপক্সে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমানো সম্ভব। তাই ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর মানুষদের প্রয়োজন অনুযায়ী টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনে অতিরিক্ত স্বাস্থ্য নির্দেশনা জারি করা হবে। বিশেষ করে আন্তর্জাতিক ভ্রমণকারীদের ক্ষেত্রে উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসা নেওয়ার জন্য সতর্ক থাকতে বলা হয়েছে।

'ভুয়া ডাকাতির' নাটক : ১১ ভারতীয় অভিযুক্ত

প্রথম পৃষ্ঠার পর

হলেন, জিতেন্দ্রকুমার প্যাটেল (৩৯), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের মার্শফিল্ডে বসবাস করছিলেন। মহেশকুমার প্যাটেল (৩৬), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের র‍্যান্ডলফে বসবাস করছিলেন। সঞ্জয়কুমার প্যাটেল (৪৫), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের কুইন্সিতে বসবাস করছিলেন। দীপিকাবেন প্যাটেল (৪০), যিনি ম্যাসাচুসেটসের ওয়েমাউথে অবৈধভাবে বসবাসের পর ভারতে বহিষ্কৃত হয়েছেন। রমেশভাই প্যাটেল (৫২), যিনি অবৈধভাবে কেন্টাকির ইউব্যাঙ্কে বসবাস করছিলেন। অমিতাবাহেন প্যাটেল (৪৩), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের প্লেইনভিলে বসবাস করছিলেন। রোনাককুমার প্যাটেল (২৮), যিনি অবৈধভাবে মিসৌরির মেরিল্যান্ড হাইটসে বসবাস করছিলেন। সঙ্গীতাবেন প্যাটেল (৩৬), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের র‍্যান্ডলফে বসবাস করছিলেন। মিনকেশ প্যাটেল (৪২), যিনি অবৈধভাবে ওহাইওর পেরিসবার্গে বসবাস করছিলেন। সোনাল প্যাটেল (৪২), যিনি অবৈধভাবে ওহাইওর পেরিসবার্গে বসবাস করছিলেন। মিতুল প্যাটেল (৪০), যিনি অবৈধভাবে ম্যাসাচুসেটসের উরচেস্টারে বসবাস করছিলেন।

তদন্তে বলা হয়েছে, পরিকল্পনা অনুযায়ী একজন ব্যক্তি ডাকাত সেজে দোকানে ঢুকে বন্দুকের মতো দেখতে অস্ত্র দেখিয়ে ক্যাশ রেজিস্টার থেকে টাকা নিয়ে পালিয়ে যেত। পুরো ঘটনাটি দোকানের সিসিটিভিতে ধারণ করা হতো। এরপর দোকানের কর্মচারীরা কয়েক মিনিট অপেক্ষা করে পুলিশে ফোন করে ডাকাতির অভিযোগ জানাতেন। পরে সেই ভিডিও ব্যবহার করে তারা নিজেদের সহিংস অপরাধের শিকার দাবি করে ইউ ভিসার আবেদন করতেন।

বিভিন্ন দেশের নাগরিক যারা যুক্তরাষ্ট্রে অবস্থানকালে গুরুতর হামলার শিকার হয়েছেন এবং যে কোন অপরাধ তদন্তে আইনশৃঙ্খলা বাহিনীকে সহায়তা করেন তাদেরকেই এই ভিসা প্রদান করা হয় আবেদন প্রক্রিয়ার মাধ্যমে। এই ভিসা সাধারণত চার বছর পর্যন্ত বৈধ থাকে এবং কখনো কখনো আবেদনকারীর স্বামী বা সন্তানদের ক্ষেত্রেও সুবিধা দিতে পারে।

কর্তৃপক্ষের দাবি, এই পরিকল্পনার মূল সংগঠক ছিলেন নিউইয়র্ক এ থাকা রাজ প্যাটেল। অভিযোগ অনুযায়ী, যারা নিজেদের "ভিকটিম" হিসেবে দেখাতে চেয়েছিলেন তারা তাকে প্রায় ১০ হাজার ডলার পর্যন্ত অর্থ দিয়েছিলেন। পরে তিনি দোকান মালিকদেরও প্রায় ২ হাজার ডলার করে দিতেন যাতে তাদের দোকানে এই সাজানো ডাকাতির ঘটনা ঘটানো যায়। রাজ প্যাটেল ইতোমধ্যে এই মামলায় দোষ স্বীকার করেছেন।

শুক্রবার অভিযুক্ত ১১ জনের বিরুদ্ধে ভিসা জালিয়াতির ষড়যন্ত্রের অভিযোগ আনা হয়েছে। তাদের মধ্যে কয়েকজন ম্যাসাচুসেটসে গ্রেপ্তার হয়ে ফেডারেল আদালতে হাজির হওয়ার পর মুক্তি পেয়েছেন। অন্যদের কেন্টাকি, মিসৌরি ও ওহাইওতে গ্রেপ্তার করা হয়েছে এবং পরে তাদের বোস্টনের ফেডারেল আদালতে হাজির করা হবে।

আইন অনুযায়ী, ভিসা জালিয়াতির ষড়যন্ত্রের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তদের সর্বোচ্চ পাঁচ বছর কারাদণ্ড, তিন বছর তত্ত্বাবধানে মুক্তি এবং ২ লাখ ৫০ হাজার ডলার পর্যন্ত জরিমানার মুখোমুখি হতে হতে পারে। তবে আদালতে দোষ প্রমাণ না হওয়া পর্যন্ত সবাই আইনগতভাবে নির্দোষ হিসেবে বিবেচিত হবেন।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

যুদ্ধের ভিডিও পোস্ট: আমিরাতে ভারতীয়সহ ৩৫ প্রবাসীকে গ্রেপ্তারের নির্দেশ, আছে বাংলাদেশিও

৩-এর পৃষ্ঠার পর

স্থিতিশীলতা নষ্ট করার উদ্দেশ্যে ছড়ানো বানোয়াট তথ্য ও কৃত্রিম কন্টেন্ট মোকাবিলায় ডিজিটাল প্ল্যাটফর্মগুলোতে কঠোর নজরদারির পর এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

আমিরাতের সরকারি বার্তা সংস্থা ওয়ামের প্রতিবেদক অনুসারে বিবৃতিতে বলা হয়েছে, 'তদন্ত এবং ইলেকট্রনিক মনিটরিংয়ে দেখা গেছে যে বিবাদীরা তিনটি দলে বিভক্ত হয়ে বিভিন্ন অপরাধ করেছে। এর মধ্যে ছিল বর্তমান ঘটনার সাথে সম্পর্কিত আসল ক্লিপ প্রকাশ করা, এআই ব্যবহার করে বানোয়াট ক্লিপ তৈরি করা এবং সামরিক আগ্রাসন চালানো একটি রাষ্ট্রের প্রশংসা করা ও তার নেতৃত্ব ও সামরিক কর্মকাণ্ডের গুণগান গাওয়া।'

১০ জন অভিযুক্তের প্রথম দলে রয়েছেন পাঁচজন ভারতীয়, একজন পাকিস্তানি, একজন নেপালি, দুইজন ফিলিপিনো এবং একজন মিসরীয়। তারা দেশটির আকাশসীমায় পিও চলাচল ও তা প্রতিহত করার বা এর প্রভাবের আসল ভিডিও ক্লিপ প্রকাশ ও প্রচার করেছিলেন। তারা এই ঘটনাগুলো পর্যবেক্ষণকারী মানুষের জটলাও ভিডিও করেছিলেন এবং তাতে এমন মন্তব্য ও সাউন্ড এফেক্ট যুক্ত করেছিলেন যা সক্রিয় আগ্রাসনের ইঙ্গিত দেয়, যার ফলে জনসাধারণের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক সৃষ্টি হয়।

বিবৃতিতে বলা হয়েছে, 'এ ধরনের ফুটেজ প্রতিরক্ষা সক্ষমতাকে উন্মুক্ত করার ঝুঁকি তৈরি করেছে এবং শত্রুপক্ষকে বিভ্রান্তিকর বর্ণনা প্রচারের সুযোগ করে দিয়েছে।'

সাত সদস্যের দ্বিতীয় দলে পাঁচ ভারতীয় এবং নেপাল ও বাংলাদেশের একজন করে নাগরিক রয়েছেন। তারা এআই ব্যবহার করে তৈরি করা বানোয়াট দৃশ্য বা দেশের বাইরের ঘটনার ফুটেজ পুনরায় প্রচার করে দাবি করেছিলেন যে সেগুলো সংযুক্ত আরব আমিরাতের ভেতরে ঘটেছে। এই ক্লিপগুলোতে বিস্ফোরণ এবং ক্ষেপণাস্ত্রের কৃত্রিম দৃশ্য ছিল এবং প্রায়ই মিথ্যা দাবিগুলোকে বিশ্বাসযোগ্য করতে এবং জনগণকে বিভ্রান্ত করতে জাতীয় পতাকা বা নির্দিষ্ট তারিখ ব্যবহার করা হয়েছিল।

ছয় সদস্যের তৃতীয় দলে পাঁচ ভারতীয় এবং এক পাকিস্তানি রয়েছেন। তাদের বিরুদ্ধে 'একটি শত্রু রাষ্ট্রকে (ইরান) এবং তার রাজনৈতিক ও সামরিক নেতৃত্বকে মহিমান্বিত করা এবং তাদের আঞ্চলিক সামরিক আগ্রাসনকে সাফল্য হিসেবে প্রচার করার' অভিযোগ আনা হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, এটি ওই রাষ্ট্রের নেতাদের প্রশংসা করা এবং প্রোপাগান্ডা প্রচারের সাথে জড়িত যা শত্রুপক্ষের মিডিয়ার কাজে লাগে এবং জাতীয় স্বার্থের ক্ষতি করে।

এ ছাড়াও অন্য দুই ভারতীয় নাগরিকও একই ধরনের অপরাধের জন্য অভিযোগের সম্মুখীন হয়েছেন। শনিবার ওয়ামের এক প্রতিবেদনে জানানো হয়, ১০ জন আসামিকে জিজ্ঞাসাবাদের পর পাবলিক প্রসিকিউশন তাদের রিমান্ডের নির্দেশ দিয়েছে। অ্যাটর্নি জেনারেল আল শামসি বলেছেন, এই ব্যক্তিরা এআই-জেনারেটেড বানোয়াট ফুটেজ প্রচার করেছেন যা মিথ্যাভাবে সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন এলাকায় বিস্ফোরণ, বিশিষ্ট স্থাপনায় হামলা বা ধোঁয়া ওঠা বড়

সংবিধান সংস্কার পরিষদ নিয়ে উত্তপ্ত সংসদ

২-এর পৃষ্ঠার পর

৭৭ জন বিরোধীদলীয় সদস্য সংসদ সদস্য হিসেবে শপথের পর একই অনুষ্ঠানে পরিষদের সদস্য হিসেবেও শপথ নিয়েছি এবং অনুরূপ শপথপত্রে স্বাক্ষর দিয়েছি।'

সংবিধান সংস্কারের সময়সীমা সম্পর্কে বিরোধীদলীয় নেতা বলেন, 'পরিষদ তার প্রথম অধিবেশন শুরুর তারিখ থেকে ১৮০ কার্যদিবসের মধ্যে 'জুলাই জাতীয় সনদ' বাস্তবায়নে সংবিধান সংস্কার করবে। এরপর পরিষদের কার্যক্রম সমাপ্ত হবে। পরিষদের কর্মধারায় অংশগ্রহণের সময় নির্বাচিত প্রতিনিধিরা দুটি এখতিয়ারে (পরিষদ সদস্য ও সংসদ সদস্য) কাজ করবেন।' অবিলম্বে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন ডাকার বিষয়ে কার্যকরী পদক্ষেপ করার আহ্বান জানান ডা. শফিক।

এরপর বিরোধীদলীয় নেতার বক্তব্যের জবাব দেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শুরুতে তিনি স্পিকারের কাছে প্রশ্ন রাখেন, কোন বিধিতে বিরোধীদলীয় নেতাকে ফ্লোর দেওয়া হয়েছে। তিনি বলেন, যদি জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে কোনো মুলতবি প্রস্তাব আনতে হয়, সেটার জন্য বিধি আছে। সেই বিধিতে কোনো নোটিস তিনি দিয়েছেন কি না। যদি জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে কোনো সংক্ষিপ্ত আলোচনা করতে হয়, সেই বিষয়ে বিধি ৬৮ অনুসারে কোনো নোটিস দিয়েছেন কি না।

সালাহউদ্দিন আহমদ বলেন, সংসদের অধিবেশন না থাকা অবস্থায় রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন। কিন্তু সংবিধানের ধারা পরিবর্তন হবে বা সংবিধান পরিবর্তন হবে, এরকম কোনো বিষয় অধ্যাদেশের মাধ্যমে আসতে পারে না। সেটা জায়েজ নয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'কিন্তু এই যে আদেশ (জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ), এই আদেশটা না অধ্যাদেশ, না আইন। মাঝামাঝি জিনিস, সেদিন আমি বলেছিলাম, এটা হয়তো নিউটার জেন্ডার হতে পারে।'

এ আদেশটিকে 'আরোপিত' আদেশ উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি দুটি কাজ বাদে সবগুলো প্রধানমন্ত্রীর পরামর্শে করে থাকেন। একইভাবে এ সংসদের আহ্বানও তিনি করেছেন প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী। কিন্তু সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় প্রধানমন্ত্রীও সেটা রাষ্ট্রপতিকে পরামর্শ দিতে পারেন না। রাষ্ট্রপতিও সেই অধিবেশন আহ্বান করতে পারেন না বিধায় তা করেননি।

সালাহউদ্দিন আহমদ বলেন, এখন যদি বিরোধী দলের প্রশ্ন অনুসারে রাষ্ট্রপতির জারি করা আদেশটা সাংবিধানিক হয়, সেটা নিয়ে এখানে আলোচনা হতে পারে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংবিধান সংস্কার বাস্তবায়ন আদেশ এইটা এবং গণভোট অধ্যাদেশের নির্দিষ্ট অংশ কেন অসাংবিধানিক ঘোষণা করা হবে না মর্মে আদালত রুল জারি করেছেন। এখানে হয়তো বিচার বিভাগ মতামত দেবে। কিন্তু তাদের মতামত এই সার্বভৌম সংসদের ওপর কখনো বাইন্ডিং (বাধ্যতামূলক) না। কিন্তু সার্বভৌম সংসদ আবার এমন কোনো আইন প্রণয়ন করতে পারে না, যেটা জুডিশিয়ারিতে গিয়ে চ্যালেঞ্জ হয়ে বাতিল হয়ে যাবে বা ভায়োলেশন অব কনস্টিটিউশন হয়ে যাবে। সুতরাং উভয় দিকে লক্ষ রেখে জাতির বৃহত্তর স্বার্থে আইনানুগভাবে এবং সাংবিধানিকভাবে যেতে হবে।

তিনি বলেন, 'এখন যদি বলা হয় যে গণভোটের রায় বাস্তবায়নের জন্য সংবিধান সংস্কার পরিষদ গঠন করতে হবে, মানলাম। আমরা নির্বাচিত হয়েছি সাংবিধানিক ভোটে। নির্বাচন কমিশনের দুটোই এখতিয়ার। একটা হচ্ছে জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠান করা, আরেকটা হচ্ছে রাষ্ট্রপতির নির্বাচন অনুষ্ঠান করা। এটা হচ্ছে কনস্টিটিউশনাল ম্যান্ডেট, যেটা নির্বাচন কমিশন পালন করতে বাধ্য।' স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গণভোটের জন্য আরেকটা আইন হয়েছে। বিএনপিও এটা প্রস্তাব করেছিল। কিন্তু মাঝখানে আদেশটা জারি করে গণভোট দেওয়া হলো চারটা প্রশ্ন। যে প্রশ্নের মধ্যে একটা বিশাল প্রশ্ন জুলাই জাতীয় সনদের সমঝোতা হয়নি। এটা একটা জবরদস্তিমূলক আরোপিত আদেশ করে সেই আদেশের একটা প্রশ্ন গণভোটের মধ্যে দেওয়া হয়। চারটা প্রশ্ন হলেও মানুষ কোন কোন প্রশ্নে 'হ্যাঁ', কোন কোন প্রশ্নে 'না' বলবে সে বিকল্প ছিল না।

সালাহউদ্দিন আহমদ বলেন, তারপরও গণভোটের রায় যদি বাস্তবায়ন করতে হয়, সংবিধানে আগে সংস্কার আসতে হবে। তিনি বলেন, এ অধিবেশনে সংবিধান সংশোধন বিল আনা যাবে কি না, তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে। কারণ, ১৩৩টা অধ্যাদেশ এখানে উত্থাপিত হয়েছে প্রথম দিনে। তিনি বলেন, কার্য উপদেষ্টা কমিটিতে যদি সিদ্ধান্ত হয়, সংসদ যদি সিদ্ধান্ত নেয়, তাহলে বাজেট অধিবেশনে সংবিধান সংশোধন বিল উত্থাপন হতে পারে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমি কোনো কিছু অস্বীকার করছি না। জনরায়কে সম্মান দিতে হবে, কিন্তু সেটা সাংবিধানিকভাবে দিতে হবে, আইনগতভাবে দিতে হবে। এখানে ইমোশনের কোনো জায়গা নেই। রাষ্ট্র ইমোশন দিয়ে চলে না। রাষ্ট্র চলে সংবিধান দিয়ে, আইন দিয়ে, কানুন দিয়ে।' তিনি বিষয়টি নিয়ে জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটিতে আলোচনা করার প্রস্তাব দেন বিরোধীদলীয় নেতাকে।

বিএনপির নীতিনির্ধারণী পর্ষদ স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ আরও বলেন, তারা জাতির কাছে অঙ্গীকার করেছেন, জুলাই জাতীয় সনদ যেভাবে স্বাক্ষরিত হয়েছে, রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে তার প্রতিটি শব্দকে তারা সম্মান করেন। কিন্তু জুলাই জাতীয় সনদের বাইরে আরোপিত কোনো আদেশ দিয়ে, কোনো অবৈধ আদেশ দিয়ে সংবিধান সংশোধন করা যায় কি না, সেটা একটা বিশাল আইনি প্রশ্ন, সাংবিধানিক প্রশ্ন। তিনি সেটা নিয়েও বিতর্ক ও আলোচনার আহ্বান জানান।

পরে বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের উদ্দেশে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, 'আপনি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ একটি বিষয় উপস্থাপন করেছেন। এ ধরনের গুরুত্বপূর্ণ বিষয় অন দ্য স্পট সলিউশন দেওয়া যায় না। এটার জন্য আপনি নোটিস দেবেন। নোটিস পাওয়ার পর আমি সিদ্ধান্ত দেব।'

এদিকে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম পরে গণমাধ্যমকে বলেন, 'সংবিধানে এখন অনেক কিছু আছে, যা এই সরকার করছে না। শেখ মুজিবুর রহমানের ছবি টানানোর আইন আছে। আরও অনেক আইন এবং বাস্তবতা আছে... সেগুলো কি এই সরকার করছে বা অন্তর্বর্তী সরকার করেছে?'

তিনি বলেন, 'আমরা আগেও বলেছি অন্তর্বর্তী সরকার, ঐকমত্য কমিশন, এই নির্বাচন ও সরকার সবকিছুকে সংবিধানের দিয়ে ব্যাখ্যা করা সম্ভব নয়। এটা গণঅভ্যুত্থানের মধ্যে দিয়ে তৈরি হয়েছে, যদিও ১০৬-এর আন্ডারেই সরকার গঠিত হয়েছে। কিন্তু গণঅভ্যুত্থানের বিষয়টি যদি মাথায় না রাখি তাহলে আসলে কোনো কিছুই সমাধান করা সম্ভব নয়।'

নাহিদ ইসলাম আরও বলেন, 'আমরা মনে করি, গণঅভ্যুত্থান সংস্কার, অন্তর্বর্তী সরকার এবং এ নির্বাচনের বৈধতা। সংবিধান অনুযায়ী তো এ সময়ে নির্বাচন হওয়ার কথা ছিল না।' তিনি আরও বলেন, 'সংবিধান অনুযায়ী অনেক কিছুই হয়নি, পরবর্তী এই সংসদে এসে রাজনৈতিক সমঝোতার মাধ্যমে এগোনোর কথা ছিল। সেই সমঝোতা যদি সরকারি দল নষ্ট করার চেষ্টা করে, জনগণ তার বিরুদ্ধে দাঁড়াবে। আমরাও দাঁড়াব।'

চৌমুহনী ক্লাব ইউএসএ'র ইফতার মাহফিল অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠার পর

ইউএসএ'র বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১০ মার্চ) নিউইয়র্কের ওজোন পার্কস্থ মদিনা হলে এই বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিবিদ জাকির এইচ চৌধুরী, নোয়াখালী সোসাইটির সাধারণ সম্পাদক এএসএম মাঈন উদ্দিন পিন্টু, কবিরহাট উপজেলা অ্যাসোসিয়েশনের সভাপতি মির্জা মোহাম্মদ হোসেন এবং চৌমুহনী ক্লাব ইউএসএ'র সভাপতি মোরশেদ আলম। এছাড়াও অনুষ্ঠানে ব্যবসায়ী, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ চৌমুহনী, নোয়াখালী ও বৃহত্তর নোয়াখালীঅঞ্চলের বিপুল সংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন।

নিউইয়র্কে ৫ লাখ ডলার চাঁদাবাজির অভিযোগে গ্রেপ্তার ১

শেষ পৃষ্ঠার পর

লবিং কোম্পানির প্রতিষ্ঠাতাকে গ্রেপ্তার করেছে ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা।

৩৪ বছর বয়সী ন্যাস, যার বাড়ি সাউথ ক্যারোলিনার চার্লস্টনে। তিনি শনিবার ব্রুকলিনের একটি ফেডারেল আদালতে হাজির হন। নিউইয়র্কের ইস্টার্ন ডিস্ট্রিক্টের এটর্নী অফিস বিবৃতিতে জানিয়েছে, জস্যুয়া ন্যাস'র বিরুদ্ধে আনা চাঁদাবাজির অভিযোগে দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ ২০ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। বর্তমানে তাকে ৫০ লাখ ডলারের বন্ডে মুক্তি দেওয়া হয়েছে।

আদালতের নথি অনুযায়ী, জানুয়ারি থেকে ন্যাস একজন গোপন সাক্ষীকে অর্থ দেওয়ার প্রস্তাব দেন, যাতে সে তার সাবেক ক্লায়েন্ট এবং তার ছেলেকে ভয় দেখিয়ে টাকা আদায় করতে সাহায্য করে। নথিতে তাদের নাম প্রকাশ না করে "জন ডো ১" এবং "জন ডো ২" হিসেবে উল্লেখ করা হয়েছে।

ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশনের নিউইয়র্ক ফিল্ড অফিসের সহকারী পরিচালক জেমস বার্নাকল জুনিয়র বলেন, একজন আইনগত প্রতিনিধি হিসেবে সৎভাবে কাজ করার বদলে ন্যাস নাকি একজন 'এনফোর্সার' ভাড়া করে তার ক্লায়েন্টের কাছ থেকে টাকা আদায়ের চেষ্টা করেছেন। তিনি জানান, সহিংস অপরাধ ও চাঁদাবাজির মতো কর্মকাণ্ড দমনে এফবিআই কঠোর অবস্থান নিয়েছে।

ফেডারেল লবিং নথি অনুযায়ী, ন্যাসের প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান ২০২৫ সালের শেষ তিন মাসে লবিং কার্যক্রম থেকে প্রায় ১ লাখ ডলার আয় করেছে। সেই নথিতে ক্লায়েন্ট হিসেবে উল্লেখ ছিল জোসেফ শোয়ার্টজ এর নাম, যিনি এর আগে একটি বড় কর জালিয়াতি মামলায় দোষ স্বীকার করেছিলেন।

২০২৪ সালে প্রায় ৩৮ মিলিয়ন ডলারের কর্মসংস্থান কর জালিয়াতির মামলায় দোষী সাব্যস্ত হওয়ার পরও তাকে ২০২৫ সালের নভেম্বরে ক্ষমা করে দেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শোয়ার্টজ নিউ জার্সিভিত্তিক স্কাইলাইন ম্যানেজমেন্ট গ্রুপ পরিচালনা করতেন।

ফেডারেল কর্তৃপক্ষ জানিয়েছে, শুক্রবার নিউইয়র্কের একটি হোটেলের বাইরে ন্যাসকে গ্রেপ্তার করা হয়। সেদিনই তিনি গোপন সাক্ষীর সঙ্গে দেখা করার কথা ছিল।

সরকারি নথিতে বলা হয়েছে, ২০২৫ সালের ডিসেম্বরে ন্যাস তার ওই ক্লায়েন্টকে লবিং সেবা দেওয়ার চুক্তি করেন, যার বিনিময়ে ৬ লাখ ডলার পাওয়ার কথা ছিল। ক্লায়েন্টের ছেলে প্রথমে ১ লাখ ডলার পরিশোধ করেন, কিন্তু পুরো অর্থ দিতে না পেরে পরে কিস্তিতে দেওয়ার প্রস্তাব দেন। ন্যাস নাকি এটিকে অপমান হিসেবে দেখেন এবং এরপর জোরপূর্বক টাকা আদায়ের পরিকল্পনা করেন।

এফবিআইয়ের একটি হলফনামা অনুযায়ী, ন্যাস সেই সাক্ষীকে ক্লায়েন্টের ছেলের বাড়িতে গিয়ে টাকা আদায়ের জন্য চাপ দিতে বলেন। এমনকি কথোপকথনে তাকে মারধর করা বা মুখোশধারী লোক দিয়ে গাড়িতে তুলে হুমকি দেওয়ার মতো পরিকল্পনাও আলোচনা হয়েছিল বলে অভিযোগ।

ঘটনাটি এখন ফেডারেল তদন্তের আওতায় রয়েছে এবং মামলার পরবর্তী শুনানির অপেক্ষা চলছে।

মিডোব্রুকের উদ্যোগে ইফতার পার্টি অনুষ্ঠিত

শেষ পৃষ্ঠার পর বার্তা নিয়ে নিউইয়র্কের ঐতিহ্যবাহী মর্টগেজ হাউস মিডোব্রুকের এর ব্রাঞ্চ ম্যানেজার আকিব হোসেনের উদ্যোগে বার্ষিক ইফতার পার্টি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ১২ মার্চ বৃহস্পতিবার সিরাজী কড়াই হাউস রেস্টুরেন্টে পূর্ববর্তী বছরের ধারাবাহিকতায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সাংবাদিক, ব্যবসায়ী, সিনিয়র সিটিজেন, মিডোব্রুকের এর ক্লায়েন্ট, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা বিপুল সংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে মিডোব্রুকের এর ব্রাঞ্চ ম্যানেজার আকিব হোসেন আগত অতিথিদের স্বাগত জানান এবং অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। দোয়া ও মোনাজাতে দেশ-জাতি এবং সমগ্র মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও মঙ্গল কামনা করা হয়।















ভাটেরা এসোসিয়েশনের ইফতার ও দোয়া মাহফিল









শেষ পৃষ্ঠার পর

কুইন্স বুলেভার্ড ফরেস্ট হিলের আগ্রা প্লেসের পার্টি হলে এ ইফতার মাহফিল আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিত্ব, স্থানীয় সংগঠক ও কমিউনিটি নেতৃবৃন্দ। উক্ত অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে রমজানের সৌহার্দ্য, সম্প্রীতি এবং ভাতৃত্বের বন্ধন আরও দৃঢ় করার লক্ষ্য অর্জন করার চেষ্টা করা হয়েছে, এমনটাই জানিয়েছেন সংগঠনের আওয়াজকরা। অনুষ্ঠানে সকলের মঙ্গল কামনায় দোয়া পরিচালনা করেন মাওলানা সাইফুল আলম সিদ্দিকী। অনুষ্ঠান সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানিয়েছেন সংগঠনের সভাপতি রাজা মিয়া তালুকদার । অনুষ্ঠান পরিচালনায় ছিলেন সাধারণ সম্পাদক হারুনুর রশিদ তালুকদার, ও ফরহাদুল ইসলাম লিটু। উক্ত অনুষ্ঠানে অতিথি হিসাবেও উপস্থিত ছিলেন: রাজনৈতিক ব্যক্তিত্ব লুৎফুর রহমান চৌধুরী হেলাল, ভাটেরা কলেজের সাবেক অধ্যক্ষ নাজরুল ইসলাম, কুলাউড়া অ্যাসোসিয়েশনের উপদেষ্টা মুসাঈদ রাশেদ,সাধারণ সম্পাদক মইনুর রহমান সোয়েব,কুলাউড়া অ্যাসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক এনায়াত হোসেন জালাল,নিউ জার্সির কুলাউড়া অ্যাসোসিয়েশনের সভাপতি মুদাব্বির চৌধুরী,কমিউনিটি এক্টিভিস্ট রেজাউর রহমান রেনু, আফাজুর রহমান চৌধুরী ফাহাদ, সায়েদ দুদু মিয়া, মকবুল হোসেনসহ আরও অনেকে। উক্ত ইফতার আয়োজনটি কমিউনিটিতে ভ্রাতৃত্ব ও সৌহার্দ্য প্রতিষ্ঠার দিকেও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে মন্তব্য করেছেন উপস্থিত অতিথিরা।

সংগঠনের মধ্যে নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন উপদেষ্টা পরিষদের সদস্য মোহাম্মদ নজরুল ইসলাম ফারুক, সাঈয়দ দুদু মিয়া, মোহাম্মদ মোখবুল হোসেন, শেখ শাইফুল আলম সিদ্দিকী , সৈয়দ ইলিয়াস খসরু, ও মোহাম্মদ মর্তুজ আল। সহ সভাপতি আব্দুল জব্বার সিদ্দিকী, সহ সভাপতি সৈয়দ সালাউদ্দিন, অর্থ সম্পাদক সুরমান আহমদ সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক এনাম আরাফাত রবি সিদ্দিকী, সহ সাংগঠনিক সম্পাদক সৈয়দ আছ আহমদ টিপু, প্রচার সম্পাদক মোহাম্মদ ওলিউর রহমান, ক্রীড়া সম্পাদক সুমন আহমদ, শিক্ষা ও সাহিত্য সম্পাদক শাহ মিজান, সদস্য সম্পাদক ফয়সাল আহমদ সিদ্দিকী, দপ্তর সম্পাদক বাপ্পু তালুকদার, ধর্ম সম্পাদক মোহাম্মদ শাহ আলম, গণসংযোগ সম্পাদক শিপন আহমদ, আইন ও আন্তর্জাতিক সম্পাদক শাহ রিপন, মহিলা সম্পাদক তাহামিনা আক্তার সিদ্দিকী, সদস্যসাইফুল ইসলাম, তারেকুল ইসলাম জুয়েল, আব্দুস সামাদ, শাহনেওয়াজ ইসলাম, মোহাম্মদ আব্দুল মুছিত, সায়েদ খান, তালুকদার বদরুল, তানভির তালুকদার এনাম।

পড়ে আছে বিলিয়ন ডলারের

প্রথম পৃষ্ঠার পর

(NAUPA) বলেছে, যুক্তরাষ্ট্রে আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা এবং সরকারি সংস্থাগুলোর কাছে অনেক বিলিয়ন ডলারের অদাব্য অর্থ বা সম্পত্তি রয়েছে, যা এখনো মালিকদের কাছে ফেরত দেওয়া হয়নি। এই অর্থ বা সম্পত্তি হতে পারে স্পর্শযোগ্য যেমন সেফ ডিপোজিট বাক্সের জিনিসপত্র, অথবা অস্পর্শযোগ্য যেমন নগদ চেক, স্টক, সিকিউরিটি ডিপোজিট এবং কর রিফান্ড।

স্পর্শযোগ্য সম্পত্তির মধ্যে রয়েছে সেফ ডিপোজিট বাক্সের জিনিসপত্র যেমন গহনা, কয়েন, ডাকটিকিট, সংগ্রহযোগ্য সামগ্রী; শেয়ার বা বন্ডের কাগজপত্র; এবং ব্যবসায় জমা রাখা কিন্তু কখনো ফেরত না নেওয়া সামগ্রী। অস্পর্শযোগ্য সম্পত্তির মধ্যে রয়েছে ব্যালেন্সিং চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট, অদাব্য ডিভিডেন্ড বা বেতন চেক, রিফান্ড, ট্র্যাভেলার চেক, ট্রাস্ট বিতরণ, অরিডিমড মানি অর্ডার বা গিফট সার্টিফিকেট, ডিপোজিট সার্টিফিকেট, কাস্টমার ওভারপেমেন্ট, ইউটিলিটি সিকিউরিটি ডিপোজিট, খনিজ রয়্যালটি পেমেন্ট, বীমা পেমেন্ট ও রিফান্ড এবং লাইফ ইন্স্যুরেন্স পলিসি, এছাড়াও অ্যানুইটিস।

নাউপা আরো জানিয়েছে, যুক্তরাষ্ট্রে বিপুল পরিমাণ অর্থ এখনো প্রকৃত মালিকদের কাছে ফেরত দেওয়ার অপেক্ষায় রয়েছে। সংস্থাটির হিসাবে, প্রায় প্রতি সাতজন আমেরিকানের মধ্যে একজনের নামে কোনো না কোনো অদাবিকৃত অর্থ বা সম্পদ থাকতে পারে।

পরিসংখ্যান অনুযায়ী, ২০২৩ সালের ১ জুলাই থেকে ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত সময়ে বিভিন্ন অঙ্গরাজ্য মিলিয়ে মালিকদের কাছে ৪৪৯ কোটি ডলারের বেশি অদাবিকৃত অর্থ ফেরত দেওয়া হয়েছে। তবে এখনো উল্লেখযোগ্য পরিমাণ অর্থ দাবি করা বাকি রয়েছে।

বিশেষজ্ঞদের মতে, অনেক সময় মানুষ চাকরি বদল, ঠিকানা পরিবর্তন, পুরোনো ব্যাংক অ্যাকাউন্ট বন্ধ হয়ে যাওয়া বা আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার কারণে অজান্তেই নিজের অর্থ দাবি করতে পারেন না। ফলে সেই অর্থ নির্দিষ্ট সময় পর অঙ্গরাজ্য সরকারের কাছে জমা থাকে, যতক্ষণ না প্রকৃত মালিক বা তার উত্তরাধিকারীরা তা দাবি করেন।

অদাবিকৃত সম্পদ সাধারণত দুই ধরনের হয়ে থাকে স্পর্শযোগ্য ও অস্পর্শযোগ্য। স্পর্শযোগ্য সম্পদের মধ্যে রয়েছে সেফ ডিপোজিট বক্সে রাখা গয়না, মুদ্রা, ডাকটিকিট বা অন্যান্য সংগ্রহযোগ্য জিনিসপত্র। অন্যদিকে অস্পর্শযোগ্য সম্পদের মধ্যে রয়েছে ব্যাংক অ্যাকাউন্টের টাকা, শেয়ার, নগদ না করা চেক, ট্রাস্ট বিতরণ, মানি অর্ডার, উপহার সনদ, বীমা অর্থ বা অ্যানুইটির মতো আর্থিক সম্পদ।

নাগরিকরা চাইলে খুব সহজেই অনলাইনে অনুসন্ধান করে দেখতে পারেন তাদের নামে কোনো অদাবিকৃত অর্থ রয়েছে কি না। অঙ্গরাজ্যভিত্তিক অনুসন্ধানের জন্য ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আনক্লেইমড প্রপার্টি অ্যাডমিনিস্ট্রেটর্স এর উদ্যোগে পরিচালিত MissingMoney বা টহপষধরসবফ ওয়েবসাইটে গিয়ে নাম ও স্টেটের তথ্য দিয়ে অনুসন্ধান করা যায়।

এছাড়া যুক্তরাষ্ট্র সরকারের বিভিন্ন সংস্থার কাছেও নাগরিকদের অদাবিকৃত অর্থ থাকতে পারে। সেক্ষেত্রে সরকারি তথ্য পোর্টাল USA.gov-এ গিয়ে ফেডারেল সরকারের কাছে থাকা সম্ভাব্য অর্থের তথ্য খোঁজা যায়।

শ্রম সংক্রান্ত পাওনা থাকলে U.S. Department of Labor–এর মাধ্যমে হারিয়ে যাওয়া বেতন বা অন্যান্য পাওনা অনুসন্ধান করা যায়। একইভাবে অব্যবহৃত সেভিংস বন্ড খুঁজে দেখতে সহায়তা দেয় U.S. Department of the Treasury।

কর ফেরতের ক্ষেত্রেও অনেক সময় অর্থ দাবি করা হয় না। কর বিভাগ Internal Revenue Service জানিয়েছে, প্রতি বছর লক্ষ লক্ষ ফেডারেল ও অঙ্গরাজ্যের ট্যাক্স রিফান্ড মালিকদের কাছে পৌঁছায় না বা দাবি করা হয় না। তবে কর ফেরতের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময়সীমা রয়েছে। নির্ধারিত তারিখ থেকে তিন বছরের মধ্যে আবেদন না করলে সেই অর্থ আর ফেরত পাওয়া যায় না এবং তা ট্রেজারি বিভাগের সম্পত্তি হয়ে যায়।

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

গুরুতর অপরাধে অভিযুক্ত ১০ বাংলাদেশি গ্রেপ্তার

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশিও রয়েছেন বলে জানায় ডিএইচএস ।

হোমল্যান্ড সিকিউরিটি'র ডেপুটি সহকারী সচিব লরেন বিস এক বিবৃতিতে বলেন, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা সাম্প্রতিক অভিযানে কয়েকজন গুরুতর অপরাধে জড়িত অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে শিশু নির্যাতনকারী, ধর্ষক এবং সহিংস অপরাধীরাও রয়েছে। তিনি বলেন, যারা দুর্বল শিশুদের ওপর হামলা চালায় বা নিরীহ মানুষের ক্ষতি করে, তাদের যুক্তরাষ্ট্রে থাকার কোনো সুযোগ থাকা উচিত নয়।

এদিকে ডিএইচএস এর ওয়েবসাইটে গুরুতর অপরাধে জড়িত গ্রেপ্তারকৃতদের ছবি ও তথ্য প্রকাশ করেছে। এদের মধ্যে ১০ জন বাংলাদেশির নাম ও ছবি সহ অপরাধের তথ্য রয়েছে।

ডিএইচএস এর ওয়েবসাইটে প্রকাশিত বাংলাদেশি নাগরিক কাজী আবু সাঈদকে কানসাস অঙ্গরাজ্যের ফোর্ট স্কট এলাকায় গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে অপ্রাপ্তবয়স্ককে শোষণ, অবৈধ জুয়া পরিচালনা এবং জুয়া সংক্রান্ত অপরাধের অভিযোগ রয়েছে। আরেকজন শাহেদ হাসান, যাকে নর্থ ক্যারোলিনার র‍্যালি শহর থেকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে গোপনে অস্ত্র বহন এবং দোকান থেকে চুরি করার অভিযোগ রয়েছে। অন্য মোহাম্মদ আহমেদকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাফেলো শহর থেকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে যৌন নির্যাতন এবং যৌন অপরাধের অভিযোগ রয়েছে। নিউইয়র্কের কুইন্স এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে এমডি হোসেনকে। তার বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ রয়েছে। ভার্জিনিয়ার চ্যান্টিলি শহর থেকে মাহতাবউদ্দিন আহমেদকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে গাঁজা বিক্রি এবং হ্যালুসিনোজেন জাতীয় মাদক বিতরণের অভিযোগ রয়েছে। টেক্সাস অঙ্গরাজ্যের মার্লিন শহর থেকে নেওয়াজ খানকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে বিপজ্জনক মাদক সংক্রান্ত অপরাধের অভিযোগ রয়েছে। চুরির অভিযোগে শাহরিয়ার আবিরকে ফ্লোরিডা প্যানহ্যান্ডল থেকে গ্রেপ্তার করা হয়েছে। ক্রেডিট কার্ড জালিয়াতির অপরাধে আলমগীর চৌধুরীকে মিশিগানের মাউন্ট ক্লেমেন্স থেকে গ্রেপ্তার করা হয়েছে।

ভার্জিনিয়ার মানাসাস শহর থেকে ইশতিয়াক রাফিকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে অস্ত্র সংক্রান্ত অপরাধ এবং সিন্থেটিক মাদক রাখার অভিযোগ রয়েছে। প্রতারণার অভিযোগে অ্যারিজোনার ফিনিক্স শহর থেকে কনক পারভেজকে গ্রেফতার করা হয়েছে। সম্প্রতি আইস ও ফেডারেল এজেন্টদের অভিযানে তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে।

ইঙ্গিত ট্রাম্প প্রশাসন ও ইসরায়েলের

প্রথম পৃষ্ঠার পর

জানিয়েছে, ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা বলেছেন তারা আশা করছেন ইরানের সঙ্গে চলমান সংঘাত কয়েক সপ্তাহের মধ্যে বা "শীঘ্রই" শেষ হবে, যদিও অর্থনীতিবিদরা সতর্ক করেছেন মধ্যপ্রাচ্যের তেলের ব্যাঘাত অর্থনৈতিক মন্দার কারণ হতে পারে। অন্যদিকে, ইসরায়েলের সামরিক বাহিনী সিএনএন-কে জানিয়েছে তাদের অভিযান আরও কমপক্ষে তিন সপ্তাহ চলবে।

হরমুজ প্রণালী: ট্রাম্প প্রশাসনের একাধিক কর্মকর্তা ইরান দ্বারা হরমুজ প্রণালী কার্যত বন্ধ হওয়ার উদ্বেগ কমানোর চেষ্টা করেছেন, উল্লেখ করে যে অন্যান্য দেশ সম্ভবত কৌশলগত জলপথটি পুনরায় চালু করতে সহায়তা করবে। একই সময়ে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন তেহরান তাদের সঙ্গে আলোচনা করতে প্রস্তুত যারা নিরাপদভাবে হরমুজ প্রণালী ব্যবহার করতে চায়।

ইসরায়েলি হামলা: ইসরায়েলি সামরিক বাহিনী দাবি করেছে গত এক দিনে তারা ২০০ এর বেশি লক্ষ্যবস্তু আক্রমণ করেছে এবং পশ্চিম ও মধ্য ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও বিমান প্রতিরক্ষা সিস্টেম লক্ষ্যবস্তু হিসেবে নিয়েছে। ইরানের একজন কূটনীতিক বলেছেন সংঘাত শুরু হওয়ার পর থেকে ইরানে ১৩০০ এর বেশি নিহত হয়েছে। ইসরায়েলের হামলা শুরু হওয়ার পর লেবাননে কমপক্ষে ৮৫০ জন নিহত হয়েছে।

ইসরায়েল বেইরুটের দক্ষিণাংশে, হিজবুল্লাহর এলাকা, বিমান হামলা চালিয়েছে, কিছু এলাকা ব্যাপকভাবে ধ্বংস হয়েছে। সিএনএন জরুরি কর্মী ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেছে যারা আক্রমণের প্রভাবের সম্মুখীন হয়েছে।

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ও ইউএস প্রেসিডেন্ট ট্রাম্প হরমুজ প্রণালী পুনরায় চালুর প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেছেন, যা মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ শিপিং লেন। তেহরানের প্রায় সম্পূর্ণ বন্ধের কারণে তেল ট্যাংকার চলাচল বন্ধ হয়েছে এবং বৈশ্বিকভাবে জ্বালানি মূল্যের বৃদ্ধি ঘটেছে।

এই সংকট ট্রাম্পকে অন্যান্য নেতাদের, সহ স্টারমারকে, স্রোতপথের নিরাপত্তা নিশ্চিত করতে আন্তর্জাতিক নৌবাহিনী ব্যবহারের আহ্বান করতে বাধ্য করেছে। যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইউএস-ইসরায়েলি হামলা ইরানে ৫৪,০০০ এর বেশি সিভিলিয়ান ইউনিট ক্ষতিগ্রস্ত করেছে, যার মধ্যে শত শত স্বাস্থ্যকেন্দ্র রয়েছে।

ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা আশাবাদ ব্যক্ত করেছেন যে ইরানের সঙ্গে যুদ্ধ কয়েক সপ্তাহের মধ্যে বা "শীঘ্রই" শেষ হবে। ইসরায়েল সীমিত মানুষের চলাচলের জন্য গাজা-ইজিপ্ত সীমান্ত পুনরায় খুলতে যাচ্ছে। ইসরায়েলে মার্কিন কূটনীতিকদের ভবনকে ক্ষেপণাস্ত্র আঘাত করেছে, তবে কোনো মার্কিন কর্মীর আঘাত হয়নি।

বাগদাদ আন্তর্জাতিক বিমানবন্দরের আশেপাশে পাঁচটি রকেট আঘাত হানে, পাঁচজন ইরাকি আহত হয়। স্থানীয় সূত্র অনুযায়ী প্রথম বিস্ফোরণ সন্ধ্যা সাতটায় ঘটেছে। পরে দেখা গেছে একটি রকেট বেসামরিক বিমান চলাচলের সুবিধায় আঘাত করেছে, চারটি ইউঝঈ কমপাউন্ডে ল্যান্ড করেছে।

কোন ব্যক্তি বা দল রকেটগুলো ছুঁড়েছে তা স্পষ্ট নয়। ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা বলেছেন তারা আশা করছেন সংঘাত কয়েক সপ্তাহের মধ্যে শেষ হবে। রিপাবলিকান সিনেটর রন জনসন বলেছেন তিনি যুক্তরাষ্ট্রের সেনাদের ইরানে পাঠাতে খুবই অনিচ্ছুক, কারণ দেশটি এখনও মূলত হরমুজ প্রণালীতে জাহাজ চলাচল ব্লক করছে, যা বিশ্বের প্রায় ২০% অপরিশোধিত তেল বহন করে।

একজন সিনিয়র ইরানি কর্মকর্তা সিএনএন-কে বলেছেন তেহরান ভাবছে কিছু জাহাজ চলাচল অনুমোদন দেওয়ার বিষয়ে, শর্ত হল বাণিজ্য, বিশেষ করে তেল চীনা ইয়ুয়ানে হবে ইউএস ডলারের পরিবর্তে।

জাতিসংঘের শান্তিরক্ষীরা লেবাননে তিনটি পৃথক স্থানে গোলাবর্ষণের শিকার হয়েছে, সম্ভবত অ-রাষ্ট্রসজ্জিত সশস্ত্র গোষ্ঠী দ্বারা। কোনো শান্তিরক্ষী আহত হয়নি।

গণপ্রসঙ্গে উল্লেখ করা হয়েছে গত মাসে ঘানা আর্মড ফোর্স জানিয়েছিল দুই সৈন্য গম্ভীর আহত হয়েছেন তাদের সদর দপ্তরে দুইটি ক্ষেপণাস্ত্র আঘাতের ফলে।

ইরানের বর্ধিত ইন্টারনেট ব্লক এখন ১৫ দিন ধরে চলেছে এবং সংযোগ আরও হঠাৎ কমে গেছে। কুয়েতের শত শত মানুষ ফাহাদ আল-মাজমাদের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন, তিনি ৩৩ বছর বয়সী প্রাক্তন জাতীয় ফুটবল খেলোয়াড় ও বর্ডার ফোর্স মেজর ছিলেন।

কোভিড সময়ের জরিমানার অর্থ ফেরত পেতে পারেন ট্যাক্স দাতারা

প্রথম পৃষ্ঠার পর

না দেওয়ার জন্য যে জরিমানা বা সুদ আরোপ করা হয়েছে, তা আদায় করার অধিকার সম্ভবত সরকারের ছিল না। তাই অনেক করদাতা এখন সেই জরিমানা বা সুদের অর্থ ফেরত দাবি করতে পারেন।

ইউএসটুডের প্রতিবেদনে আইনজীবীদের সতর্কতার বিষয়ে উল্লেখ করে জানানো হয়েছে, এই সুযোগ চিরদিন থাকবে না। সাধারণত রিফান্ড দাবি করার সময়সীমা থাকে কর রিটার্ন জমা দেওয়ার তিন বছরের মধ্যে অথবা কর পরিশোধের দুই বছরের মধ্যে যেটি পরে ঘটে। আদালতের রায় অনুযায়ী সময়সীমা ১০ জুলাই ২০২৩ পর্যন্ত বাড়ানো হওয়ায়, সম্ভাব্য রিফান্ড দাবি করার শেষ দিন হবে ১০ জুলাই ২০২৬।

কর বিশেষজ্ঞ জন ওয়েজার বলেন, "মিলিয়ন মিলিয়ন করদাতা এই সুবিধার জন্য যোগ্য হতে পারেন। কিন্তু ১০ জুলাই ২০২৬-এর আগে দাবি না করলে তারা এই সুযোগ হারাবেন।"

যোগ্য হতে পারেন এমন ব্যক্তি বা ব্যবসা যারা ২০ জানুয়ারি ২০২০ থেকে ১০ জুলাই ২০২৩-এর মধ্যে কর সংক্রান্ত জরিমানা বা সুদ পরিশোধ করেছেন। বিশেষ করে মহামারির সময় নগদ সংকটে থাকা অনেক ব্যবসা বড় অঙ্কের জরিমানার মুখে পড়েছিল।

নিজের ক্ষেত্রে রিফান্ড পাওয়ার সম্ভাবনা আছে কি না তা জানতে করদাতাদের প্রথমে তাদের কর রেকর্ড পরীক্ষা করতে হবে। এজন্য ইন্টারনাল রেভিনিউ সার্ভিসএর ট্যাক্স ট্রান্সক্রিপ্ট দেখা যেতে পারে। এতে প্রতিটি বছরের আয়, কর, পরিশোধ, জরিমানা ও সুদের বিস্তারিত তথ্য থাকে। এই ট্রান্সক্রিপ্ট অনলাইনে আইআরএস অ্যাকাউন্টের মাধ্যমে দেখা যায় বা ডাকযোগেও অর্ডার করা যায়।

রিফান্ড দাবি করতে চাইলে করদাতা বা তাদের ট্যাক্স পেশাদাররা আইআরএস-এ ফর্ম ৮৪৩ জমা দিতে পারেন, যা রিফান্ড বা জরিমানা কমানোর আবেদন হিসেবে ব্যবহৃত হয়। আবেদনপত্রে উল্লেখ করতে হবে যে এটি কড়িহম ।, টহরঃবফ ঝঃধঃবং মামলার রায় এবং দুর্যোগকালীন কর বিধান সম্পর্কিত একটি "প্রটেকটিভ ক্লেইম"।

বিশেষজ্ঞদের মতে, এখন আবেদন জমা দিলে আইআরএস বিষয়টি নথিভুক্ত করে রাখবে। পরে আদালতের সব আইনি প্রক্রিয়া শেষ হলে যদি রিফান্ড দেওয়ার সিদ্ধান্ত হয়, তাহলে আবেদনকারী তাদের পাওনা দাবি করার অধিকার ধরে রাখতে পারবেন।

'গ্রি মেকানিক্যাল ইয়াংকার্সে'র ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠার পর

সূচনা হয়।

ইফতারের আগে বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি ও কল্যাণ কামনা করে বিশেষ দোয়া করা হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন দারুল আহনাফ নিউইয়র্কের প্রিন্সিপাল মোহাম্মদ হামিদুর রহমান আশরাফ।

ইফতার মাহফিলে আগত অতিথিদের স্বাগত জানান গ্রি মেকানিক্যাল ইয়াংকার্সের প্রেসিডেন্ট ও সিইও তোফায়েল চৌধুরী।

ভবিষ্যতেও এ ধরনের আয়োজন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন তিনি। ইফতার মাহফিলে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল মোজাম্মেল হক। অনুষ্ঠানে বাংলাদেশি কমিউনিটির বিশিষ্টজনের মধ্যে উপস্থিত ছিলেন- অধ্যাপক ড. শওকত আলী, টাইম টিভির সিইও আবু তাহের, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুন নাহান খান মিতা, টিবিএন২৪ টিভির ভাইস প্রেসিডেন্ট এএফএম মিসবাহুজ্জামান, জালালাবাদ এসোসিয়েশনের একাংশের সভাপতি মইনুল ইসলাম ও কোষাধ্যক্ষ ময়নু জামান চৌধুরী, এবাদ চৌধুরী, টাইম টিভির পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, বিশিষ্ট রাজনীতিক ফারুক চৌধুরী, সালেহ চৌধুরী, মঞ্জুর চৌধুরী, বিএনপি নেতা এম এ বাতিন, যুবদল নেতা আবু সাঈদ আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী, আতিকুল ইসলাম জাকিরসহ সাংবাদিক, সুধীজনসহ কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সাংবাদিক আশরাফুল হাসান বুলবুলের সঞ্চালনায় ইফতার মাহফিলে স্বাগত বক্তব্যে তোফায়েল চৌধুরী লিটন সবাইকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে বলেন, সবার মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতির সম্পর্ক গড়ে তোলার জন্যই আমাদের এ আয়োজন। আমরা বাংলাদেশি কমিউনিটির সেবা করতে চাই। আমার বলতে দ্বিধা নেই বাংলাদেশি কমিউনিটি এবং বাংলাদেশি মিডিয়া আমাদের এই পর্যায়ে নিয়ে এসেছে। যে কারণে আমি সবার কাছে কৃতজ্ঞ। এই আরো উপস্থিত ছিলেন তার ছোট দুই ভাই তানভীর সায়মন চৌধুরী, ফারহাদ চৌধুরী।

তিনি বলেন, কমিউনিটির সবার সঙ্গে ভ্রাতৃত্ব ও সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করতেই এ আয়োজন করা হয়েছে। প্রবাসী বাংলাদেশি কমিউনিটিকে সহযোগিতা বা সেবা দেবার উদ্দেশ্যে তোফায়েল চৌধুরী ছয় বছর আগে নিউ ইয়র্কের ইয়াংকার্সে এই প্রতিষ্ঠান চালু করেন। তার অফিস বা প্রতিষ্ঠান ইয়াংকার্সে হলেও তিনি নিউ ইয়র্কের সর্বত্র এ কাজ করেন। বিনা অর্থে এ সিস্টেম লাগিয়ে দিচ্ছেন। সেই সঙ্গে দিচ্ছেন ১০ বছরের গ্যারান্টি। আরো রয়েছে সমস্যা তৈরি হলে বিনামূল্যে তা মেরামতের। তোফায়েল চৌধুরী লিটন জানান, এটি মূলত নিউ ইয়র্ক সিটির প্রজেক্ট। নিউ ইয়র্ক সিটিতে গ্রিন সিটি করার পরিকল্পনার অংশ হিসেবে এ প্রজেক্ট চালু করা হয়। বাংলাদেশিদের সেবা দেওয়ার জন্য আমি এ প্রজেক্ট চালু করি। তিনি বলেন, এ সিস্টেম চালুর জন্য প্রয়োজন শুধু একজন বাড়ির মালিক বা ব্যবসায়ীর সিদ্ধান্ত নেওয়া। সিদ্ধান্ত নেওয়ার পর আমরাই নিজেদের লোক দিয়ে সবকিছু বাস্তবায়ন করবো এবং সিটির অর্থায়নের ব্যবস্থাও করবো। তিনি আরো বলেন, আমাদের এ সিস্টেমটি হচ্ছে পরিবেশসম্মত। কারণ এ সিস্টেম বাসায় বা ব্যবসায় লাগালে সেই বাসায় আর তেল বা গ্যাসের বয়েলার থাকবে না। যার ফলে পরিবেশ থাকবে স্বাস্থ্যসম্মত। এ কয়েক বছরেই তোফায়েল চৌধুরী লিটন বাংলাদেশি কমিউনিটিতে শক্ত ভিত তৈরি করেছেন এবং আস্থার প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

এক স্লিপ

শেষ পৃষ্ঠার পর

হতাহত হয়েছে। এই হামলা নিয়ে বিশ্ববাসী উদ্বিগ্ন। আশঙ্কা তৃতীয় বিশ্ব যুদ্ধের। ইরানে হামলার ঘটনা এখন 'টপ অব দ্যা ওয়ার্ল্ড'-এ পরিণত হয়েছে। বিভিন্ন দেশের মতো নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের সর্বত্রই এখন আলোচিত হচ্ছে হামলার ঘটনা। চলছে পক্ষে-বিপক্ষে বাদানুবাদ। সোস্যাল মিডিয়াতেও চলছে নানা কথা। 'আমেরিকার মাটিতে বসে 'আমেরিকা-ইরান' যুদ্ধ নিয়ে সোশ্যাল মিডিয়ায় 'আবেগঘন' পোস্ট দেওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করা শ্রেয়'-এমন মন্তব্য করেছেন কেউ কেউ। কিন্তু কেন? এমন প্রশ্নও অনেকেরও। এসব নানা প্রশ্নের মধ্যে বড় প্রশ্ন হচ্ছে আসলেই কি 'তৃতীয় বিশ্ব যুদ্ধ' আসন্ন?

০১ মার্চ ২০২৬

এনওয়াইপিডি মুসলিম অফিসার সোসাইটির ইফতার ডিনার ও অ্যাওয়ার্ড





শেষ পৃষ্ঠার পর ১৮তম বার্ষিক ইফতার ডিনার ও এওয়ার্ড বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১০ মার্চ) সিটির ডাউনটাউনে অবস্থিত পুলিশ হেডকোয়ার্টারের অডিটোরিয়ামে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি মেয়র জোহরান মামদানি এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন পুলিশ কমিশনার জেসিকা টিস। অনুষ্ঠানে কোরআন তিলাওয়াত, হেরিটেজ ভিডিও প্রদর্শন ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র মামদানি বলেন, রমজান তার সবচেয়ে প্রিয় মাস এবং মুসলিম সোসাইটির ইফতার ডিনারে প্রথম মুসলিম মেয়র হিসেবে অংশ নিতে পেরে তিনি আনন্দিত। বিশেষ অতিথি কমিশনার জেসিকা টিস উল্লেখ করেন, এনওয়াইপিডিতে মোট সাড়ে তিন হাজার মুসলিম কর্মকর্তা কর্মরত রয়েছেন এবং এই ধরনের আয়োজন প্রশংসার যোগ্য।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইমাম শামসি আলী (জ্যামাইকা মুসলিম সেন্টার) ও ইমাম আব্দুল রহমান ইয়াকি (ইসলামিক সেন্টার অব ক্যাপিটাল ডিস্ট্রিক), যারা মুসলিম কমিউনিটির ঐক্য ও সহযোগিতার উপর গুরুত্বারোপ করেন।

বৈরী আবহাওয়ার মধ্যেও বিপুল সংখ্যক ইউনিফর্ম ও সিভিলিয়ান কর্মকর্তা ও তাদের পরিবার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে মোট ২৯ জনকে বিভিন্ন ক্যাটাগরিতে এওয়ার্ড প্রদান করা হয়। এওয়ার্ডপ্রাপ্তদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন সভাপতি ডেপুটি ইন্সপেক্টর ওয়াহিদ আক্তার, কারাম চৌধুরী, ওয়াসিস খানজাদা, আসিফ ইকবাল, মোবিন ইয়াসিন, মোহাম্মদ এলটনি, জিজিম পালাস, ক্যাপ্টেন জগহাম আব্বস, আয়ান আহমেদ, মোহাম্মদ আহমেদ ও সুমন সাঈদ। এছাড়া বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও কমিউনিটি নেতারাও এওয়ার্ড পান।

সভাপতি ডেপুটি ইন্সপেক্টর ওয়াহিদ আক্তার জানান, এই এওয়ার্ড প্রদান করা হয়েছে নিউইর্য়ক সিটির নাগরিকদের প্রতি নিঃস্বার্থ নিষ্ঠা ও সেবার স্বীকৃতি হিসেবে এবং মুসলিম সোসাইটির সমর্থন ও উন্নয়নে তাদের প্রচেষ্টার জন্য। সমাপনী বক্তব্যে তিনি উপস্থিত অতিথি, স্বেচ্ছাসেবী ও সহযোগী সকলকে ধন্যবাদ জানান।



টিএসএ চেকিং

প্রথম পৃষ্ঠার পর আন্তর্জাতিক বিমানবন্দর জন এফ কেনেডি, লাগোর্ডিয়া ও নিউয়ার্ক লিবার্টি এয়ারপোর্টে টিএসএ চেকিং বা নিরাপত্তা লাইনে অপেক্ষার সময় বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ফলে যাত্রীরা বিমানবন্দরে যাওয়ার আগে নিরাপত্তা লাইনের সম্ভাব্য অপেক্ষার সময় যাচাই করে নেওয়ার পরামর্শ দিচ্ছেন কর্মকর্তারা।

ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন-টিএসএ'র কর্মকর্তারা জানিয়েছেন, দীর্ঘ প্রায় চার সপ্তাহের আংশিক সরকারি অচলাবস্থার কারণে সংস্থাটি কর্মী সংকটে পড়েছে। অনেক কর্মকর্তা বেতন না পাওয়ায় কাজে অনুপস্থিত থাকছেন বা চাকরি ছেড়ে দিচ্ছেন। এর ফলে ব্যস্ত বিমানবন্দরগুলোতে যাত্রীদের নিরাপত্তা পরীক্ষার লাইনে অপেক্ষার সময় বেড়ে যাচ্ছে।

যাত্রীরা চাইলে বিমানবন্দরের ওয়েবসাইটে গিয়ে আগেই নিরাপত্তা লাইনের অপেক্ষার সময় দেখতে পারেন। এতে তারা বিমানবন্দরে যাওয়ার সময় পরিকল্পনা করতে পারবেন এবং দীর্ঘ লাইনের ঝামেলা এড়াতে পারবেন।

শনিবার প্রকাশিত তথ্য অনুযায়ী, জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল ৪ ও ৮ এ নিরাপত্তা লাইনে শনিবার অপেক্ষার সময় ৩০ মিনিটের বেশি ছিল। অন্য টার্মিনালগুলোতে অপেক্ষার সময় ছিল প্রায় ৮ থেকে ২০ মিনিট।

অন্যদিকে লাগুর্ডিয়া এয়ারপোর্টের টার্মিনাল বি'তে অপেক্ষার সময় ছিল ১৫ মিনিটের বেশি, আর টার্মিনাল এ ও সি'তে ছিল প্রায় ৫ মিনিট।

এছাড়া নিউয়ার্ক এর টার্মিনাল বি'তে যাত্রীদের প্রায় ১৫ মিনিট অপেক্ষা করতে হয়েছে। টার্মিনাল এ ও সি'তে অপেক্ষার সময় ছিল প্রায় ৩ থেকে ১০ মিনিটের মধ্যে।

লাগুর্ডিয়া বিমানবন্দরের ওয়েবসাইটে প্রকাশিত একটি সতর্কবার্তায় যাত্রীদের জানানো হয়েছে, শনিবার নিরাপত্তা লাইনে স্বাভাবিকের তুলনায় বেশি সময় লাগতে পারে। এজন্য পর্যাপ্ত সময় হাতে নিয়ে আগে আগে বিমানবন্দরে পৌছানোর আহ্বান জানানো হয়েছে।

অভ্যন্তরীণ তথ্য অনুযায়ী, গত ১৪ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া সরকারি অচলাবস্থার পর থেকে ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন-টিএসএ তিন শতাধিক কর্মকর্তা ইতোমধ্যে চাকরি ছেড়ে দিয়েছেন। একই সঙ্গে কর্মস্থলে অনুপস্থিত থাকার হারও দ্বিগুণের বেশি বেড়েছে।

এই পরিস্থিতি মোকাবিলায় সংস্থাটি তাদের জাতীয় পর্যায়ের বিশেষ টিম ন্যাশনাল ডিপ্লয়মেন্ট ফোর্স ব্যবহার করছে। এই বাহিনীর পরিবহন নিরাপত্তা কর্মকর্তাদের দেশের বিভিন্ন ব্যস্ত বিমানবন্দরে পাঠানো হচ্ছে, যেখানে যাত্রী সংখ্যা বেশি বা কর্মী সংকট দেখা দিয়েছে।

কর্তৃপক্ষ বলছে, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। তবে পরিস্থিতি স্বাভাবিক রাখতে যাত্রীদেরও আগেভাগে বিমানবন্দরে পৌছানো এবং নিরাপত্তা লাইনের সম্ভাব্য সময় আগে থেকে যাচাই করার পরামর্শ দেওয়া হচ্ছে।



বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপের ইফতার মাহফিল











শেষ পৃষ্ঠায় পর

ইউএস কংগ্রেসওম্যান নাদিয়া ভেলাজকুইজ ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী কর্মকান্ডের তীব্র সমালোচনা করে বলেছেন, আমেরিকা গভীর সংকটের মধ্যদিয়ে চলছে। তিনি আমেরিকান নাগরিক হিসেবে নিজেদের অধিকার আদায়ে সংঘবদ্ধ হওয়ার জন্য সকল কমিউনিটির প্রতি আহবান জানিয়ে বলেন, আগামী নির্বাচনে আমি আর প্রতিদ্বন্দ্বিতা করছি না। তবে আমেরিকানদের অধিকার আদায়ে মাঠে থাকবো, আপনাদের পাশে থাকবো। তিনি বলেন, আমরা বাংলাদেশী নাকি অন্য কমিউনিটির সেটা বড় কথা নয়, আমরা আমেরিকান নাগরিক। তাই আমাদের অধিকার আদায়ে প্রয়োজনে ঐক্যবদ্ধভাবে আন্দোলন, সংগ্রাম চালিয়ে যেতে হবে। আমরা কে বাংলাদেশী, কে মুসলিম আর কে পোটরিকান সেটা বড় কথা নয়। প্রত্যেক নাগরিককে একে অপরের পাশে থাকতে হবে। তিনি বাগ এর কর্মকান্ডেরও প্রশংসা করেন।

অনুষ্ঠানে সাবেক কংগ্রেসম্যান জামাল বোওম্যান বলেন, অভিবাসীদের অধিকার আদায়ে ভয়েজ রেইজ করতে হবে। পাশাপাশি সিটি, ষ্টেট ও ফেডারেল ফান্ড আইস-এর মাধ্যমে অভিবাসীদের গ্রেফতারে ব্যবহার না করে সেই ফান্ড কমিউনিটির জন্য ব্যয় করার এবং শিক্ষা ব্যবস্থায় আরো অর্থ বিনিয়োগের আহ্বান জানান। তিনি বলেন, হাউজিং, হেলথ কেয়ার, হোম কেয়ার সার্ভিস, কমিউনিটি সেভ প্রভৃতি সকল নাগরিকের মানবাধিকার। আর এই অধিকার রক্ষায় কমিউনিটির ক্ষমতায়ন দরকার।

ব্যতিক্রমী এই অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন নিউইয়র্ক সিটি কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান, নিউইয়র্ক সিটি মেয়র অফিসের প্রতিনিধি নিসা আগাওয়োল ও ফার্স্ট ডেপুটি কমিশনার জাগপ্রীত সিং। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাগ সভাপতি জয়নাল আবেদীন, নিউইয়র্ক মুসলিম অ্যাকশন নেটওয়ার্ক-এর মীর মাসুম আলী, নিউইয়র্ক ষ্টেট কম্পট্রোলার প্রার্থী রাজ গোয়েল, নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্টিক্ট-৩০ এর আগামী নির্বাচনে প্রার্থী মেরী জোবাইদা, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্টিক্ট-৩৬ এর আগামী নির্বাচনে প্রার্থী ও রাইজ আপ-এর সভাপতি শামসুল হক, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্টিক্ট-২৪ এর আগামী নির্বাচনে প্রার্থী মাহতাব খান, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্টিক্ট-৩৭ এর আগামী নির্বাচনে প্রার্থী সামান্তা কাতান, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্টিক্ট-৩৮ এর আগামী নির্বাচনে প্রার্থী ভেভিড অরকিন, কেয়ার-নিউইয়র্ক এর এক্সিকিউটিভ ডিরেক্টর আফাফ নাসের, পেট্রিয়টস বাংলাদেশ-এর মুখপাত্র আব্দুল কাদের প্রমুখ।

অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির পাবলিক এডভোকেট জুমানী ডি উলিয়ামস-এর প্রতিনিধি ও ইকনা সহ বিভিন্ন মানবাধিকার সংগঠনের প্রতিনিধি ছাড়াও বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী সপরিবারে উপস্থিত ছিলেন। এরমধ্যে উল্লেখযোগ্যরা ছিলেন এখন সময়.কম সম্পাদক কাজী শামসুল হক, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাপ্তাহিক হককথা ও আজকের টেলিগ্রাম এবং বার্তা সংস্থা ইউএনএ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সাপ্তাহিক নিউইয়র্ক কাগজ সম্পাদক আফরোজা ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট এডভোকেট মজিবুর রহমান, এমদাদুল হক কামাল, কাজী আজম, আনোয়ারুল ইসলাম প্রমুখ।

শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ইমরান হোসাইন ও শফিক আবেদীন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাগ এর জেনারেল সেক্রেটারী শাহানা মাসুম। মাঝে ভিডিও শো'র বাগ-এর কর্মকান্ড তুলে ধরা হয়। এছাড়াও ইফতার গ্রহনের আগে বিশেষ দোয়া করা হয়। সবশেষে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন বাগ-এর কোষাধ্যক্ষ ইঞ্জিনিয়ার আব্দুর রহিম। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন নতুন প্রজন্মের তাজরিন রহমান ও কাজী তেজওয়ার।









ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



প্রিয় পাঠক শুরুতে সবাইকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানাচ্ছি। ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

বি-১ এবং বি-২ ভিসা কী?

বি-১ এবং বি-২ ভিসা হচ্ছে নন-ইমিগ্র্যান্ট ভিসা। এই ভিসায় বিদেশি নাগরিকরা সাময়িকভাবে ব্যবসা (বি-১) পর্যটন (বি-২) বা উভয় উদ্দেশ্যেই ইউএসএ'তে আসতে পারেন। এই ভিসায় বিদেশিরা ব্যাপকভাবে সংক্ষিপ্ত সময়ের ভ্রমণে এসে থাকেন।

বি-১/বি-২ ভিসায় সর্বোচ্চ ৬ মাসের জন্য ইউএসএ'তে অবস্থানের অনুমতি পেতে পারেন। মনে রাখতে হবে যে, বি-১, বি-২ ভিসা ইস্যু করার লক্ষ্য হচ্ছে সাময়িকভাবে ইউএসএ ব্যবসা, পর্যটন বা চিকিৎসা করার জন্য আসা। ইউএসএ'তে দীর্ঘদিন অবস্থান করার জন্য নয়।

বি-১ এবং বি-২ ভিসার মধ্যে পার্থক্য হচ্ছে - বি-১ ভিসা সংক্ষিপ্ত সফরের জন্য। যেমন- কনফারেন্স, মিটিং, চুক্তি নিয়ে আলাপ, আলোচনা। এই বি-১ ভিসাধারীরা এদেশে এসে কাজ করতে পারবে না।

আর বি-২ ভিসা হচ্ছে টুরিস্ট ভিসা। এই ভিসায় ইউএসএ'তে আসার উদ্দেশ্য হচ্ছে অবকাশ যাপন, ভ্রমণ, বা পরিবার ও বন্ধু বান্ধবদের সাথে সাক্ষাৎ করা। এই ভিসায় এদেশে এসে চিকিৎসা, সাময়িক কোনো অনুষ্ঠানে অর্থ না নিয়ে অংশগ্রহণ করা যায়।

বি-১/বি-২ ভিসার জন্যে আবেদন করলে প্রমাণ করতে হবে যে, স্বল্প সময়ের জন্য ইউএস সফরে আসবেন। সফর শেষ করে দেশে ফিরে যাওয়ার প্রমাণ দেখাতে হবে।

বি-১ ভিসা সফরের জন্য কারণ সমূহ উপস্থাপন করতে হবে:

ইউএস সহযোগীদের জন্য মিটিং, আলোচনা ইত্যাদি।

কনফারেন্স এবং সেমিনারে অংশগ্রহণ,

পেশাদার কোন পরীক্ষা বা লাইসেন্স করা।

বি-২ টুরিস্ট ভিসায় ভ্রমণের কারণ–

কোন দর্শনীয় স্থান পরিদর্শন, ল্যান্ড মার্ক দেখা কিংবা এদেশের (ইউএসএ'র) কৃষ্টি-সংস্কৃতি উপভোগ করা।

পরিবার ও বন্ধুদের সাথে সাক্ষাৎ, মেডিকেল চিকিৎসা, সোশ্যাল অনুষ্ঠান– কনসার্ট, রান্না শিক্ষার ক্লাস, কনভেনশন; ফেস্টিভ্যালে অংশগ্রহণ।

প্রতিযোগিতায় অংশ নেওয়া যেমন প্রফেশনাল ইভেন্টে না হলে সৌখিন টুর্নামেন্ট বা প্রতিযোগিতার জন্য বি-২ ভিসা যথার্থ।

সংক্ষিপ্ত কোর্সের শিক্ষার মেয়াদ সপ্তাহে ১৮ ঘন্টার কম হলে সেক্ষেত্রে বি-২ ভিসা যথার্থ।

বি-২ ভিসায় নিচের কোন কারণে ভ্রমণ করা যাবে না যেমন–

- স্টাডি।
- ইউএসএ'র কোন ফার্মে দীর্ঘমেয়াদী কাজ করা যাবে না।
- অর্থ মূল্যে কাটা টিকিটের কোন অনুষ্ঠানে পারিশ্রমিকের বিনিময়ে করা যাবে না।
- বিদেশি প্রেস, রেডিও, ফিল্ম, প্রিন্ট জার্নালিজম বা অন্য কোন তথ্য মিডিয়ায় কাজ করা যাবে না।
- ইউএসএ'তে স্থায়ীভাবে বসবাস করা যাবে না।

বি-১/বি-২ ভিসার স্ট্যাটাস পরিবর্তন করা যাবে কি না?

বি-১/বি-২ ভিসার স্থায়ী বসবাসের জন্য স্ট্যাটাস মঞ্জুর করে না। এটা সাময়িক ভিসা। তবে বি-১/বি-২ ভিসার স্ট্যাটাস ইউএসএ থেকে অন্য ভিসায় পরিবর্তন করা যাবে। তবে তার জন্য কিছু শর্ত পূরণ করতে হবে। এই প্রক্রিয়ায় ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসে স্ট্যাটাস পরিবর্তনের আবেদন জানাতে হবে।

সবশেষে উল্লেখ্য যে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে পুনরায় এ বিষয়ে সংক্ষেপে কিছু উল্লেখ করা হলো।

মার্চ ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মার্চ ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

মার্চ ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ঈদুল ফিতর সংখ্যা ২০২৬

জ্যোতির্ময় বাড়ি ফেরেনি

সোহরাব পাশা

অন্ধকার ঢেকে দেয় সকল দীনতা
সবকিছু ডুবে যায় অন্য এক জলের ভিতর,

নদী কিনারে দাঁড়িয়ে কতোকাল ওই কালোজলে
জ্যোতির্ময় তোমাকে খুঁজছি
আজ সেইদিন মনে নেই আর;

শূন্যতার ভিড়ে ভুল পাড়ে দাঁড়িয়ে রয়েছি একা
পথ গেছে গন্তব্যের অপর স্টেশনে,

তোমার জন্যেই বেঁচে থাকা
পা' ফেলতেই ডেকে ওঠে ভাঙা সাঁকো-
অথৈ পারাপার-তুমুল আঁধার। ফিরে
এসো হে সুন্দর জ্যোতির্ময়।

নন্দিতা, দাগ রেখে যাও

মুস্তফা হাবীব

মাদার তেরেসা, বেঁচে আছে মানুষের ভালোবাসায়
তুমিও বেঁচে থাকো অনন্ত চরাচরে, শুভ্র বাতাসে
সুকর্মের গৌরবে সৌরভ ছড়াবে সুদূর ভবিষ্যতে
বিশ্বাস করি, সৃষ্টির নদী কখনও হারায় না গতিপথ।

জন্ম তোমার সার্থক হোক এই মায়াময় পৃথিবীতে,
আসা যাওয়ার মাঝলে রেখে যাও সুবর্ণ ফসল
শিল্পভাবনায় অনাবিল বৃষ্টি হোক প্রশান্ত হৃদয়ে
আনন্দ জোয়ারে ভাসবে অরণ্য, হাসবে চন্দ্রতারা।

অনুপম ধারায় গোলাপ হয়ে ফোটো, খুশবু ছড়াও,
পথের মাঝে কখনও পথ হারাতে নেই
মরুভূমিতে বৃথাই জলসেচ, আলেয়ার আলো
কূলহারা নদীর ঠিকানা কেউ কি পেয়েছে খুঁজে।

তোমার মননে ফুটুক অপার প্রণয়, গুচ্ছ জলপদ্ম
চারদিকের তিমির আঁধার তাড়িয়ে দেখব
সরোজিনী নাইডুর প্রতিরূপে আবির্ভূত হও বন্ধু
নন্দিতা, দাগ রেখে যাও অনন্যরূপে শতবার।

পৌরাণিক সন্ধ্যা

পারভীন শাহনাজ

যখন একপৃথিবী প্রেম নিয়ে কমলা রঙের সূর্যটা
শান্ত সাগরের বুকে টুপ করে ডুব দেয়
তখনও পরিযায়ী পাখিদের ঠোঁটে লেগে থাকে
গভীর চুম্বনের রক্তাভ দাগ
ভেজা পালকে ঢেকে রাখে গোপন সঙ্গম চিহ্ন

আঁধারের পর্দা টেনে লাল কাঁকড়ার ঝাঁক আঁকিবুঁকি
কাটে ঝিনুকের সংসারে
রুপোলী ঢেউ স্রোতের উজানে খোঁজে তামাটে নাবিক
ঝিঁঝি পোকারাও পায়ে পায়ে ফিরে যায়
আশ্রয় খুঁজে নেয় নিস্তব্ধতার আদিম জঠরে
দুবলার চরে নিঃসঙ্গ প্রেমিকের মতো বসে থাকে
ক্লান্ত সময়

চকচকে বালিয়াড়ির নিটোল স্তন ভেসে যায়
উন্মত্ত ফেনিল সাগরের প্রণয় জোয়ারে
অথচ, ঋতুগন্ধী স্পর্ধিত জলজ বাতাসকে পাশ কাটিয়ে
পৃথিবীর বুকে পৌরাণিক সন্ধ্যা নামে মন্থর পায়ে।

দুপুর

সালেহ আহমদ

অলস দুপুর দাঁড়িয়ে আছে একলা দালানকোঠা,
আলসেমিতে গাছের পাতাও বাতাসে কাঁপছে না।
বুড়ো রিক্সার প্যাডেল ঘুরছে না বিষণ্ন ক্লান্তিতে,
ভাঙাড়ির লোক হাঁকাচ্ছে ডাক তীক্ষ্ণ কণ্ঠ তুলে।

মাছের খলুইয়ে মাছুয়ার হাঁক, এখন তো সেটা নাই,
ভ্যানের সবজি নিঃশেষ প্রায়, পড়ে থাকে বাঁধাকপি,
'মাতু'র প্রশাখে চতুর চড়ুই, ফুড়ুৎ দিয়েছে উড়াল,
টুনটুনি বসে লাউয়ের ডগায় দুপুরকে দেখে যায়।

দুপুরের আছে শক্ত শরীর, পেটানো মত্ত যুবা,
বুঝতে না পারা বাউরি বাতাসে আনমনা এই মন
না চাইতেই পেয়ে যাওয়া কোন আনন্দ সংবাদ,
বেদনার ভারে সেতারের সুরে নিমগ্ন কিছু গান।

মৌন দুপুরে বিশ্রাম ভেঙে ধোপি এলো আঙিনায়
মেদহীন পেটে জমে আছে শুধু শ্রমিকের দুর্গতি,
বাবুর খেলনা, গাড়ি ও পুতুলের বিচিত্র সমাহার
খেলনা গাড়ির স্মৃতিতে ভাসে শৈশব কুপি-বাতি।

ছুরি ধার করা, ভাঙাড়ি, কলের কদর কিছুটা আছে
বই খাতা ও পুরানো কাগজে ছুটছে কাগজওয়ালা,
টিনের ডিব্বা, শিশি ও বোতল জঞ্জাল হলো সাফ
বৌয়ের আঁচলে লুকানো একটা লক্ষীর ভান্ডার।

টুংটাং বেল, কটন ক্যান্ডি, হাওয়ার মতোই ওড়ে,
শান্ত দুপুরে মেঘের মিঠাইয়ে, শিশুদের ভাঙ্গা ঘুম।
ছাদে বসে বসে মনখারাপের দুপুর দেখতে থাকি
দুপুর চলেছে হাঁটতে হাঁটতে বিকেলের কাছাকাছি।

মিথ্যেমানুষ

সায়ীদ আবুবকর

কেবল মিথ্যেতে আসক্তি। সত্যকে ধামাচাপা দিয়ে চলেছে কোথায়
মিথ্যেমানুষেরা কোন্ জাহান্নামে? পরচুলা পরে অথবা কলপে
কালো করে চুল, বৃদ্ধ ও বৃদ্ধারা যুবক-যুবতী হয়ে চলে। বলে
লোকজন, বাহ! বোগল বাজায় তাঁরা শুনে। ঘুণে খেয়ে গেছে বাঁশ;
সেই বাঁশও গর্বে সিংহের মতো ফোলায় কেশর, রঙের আড়ালে
লুকিয়ে সে-ঘুণ। খুন ও জখমে অভ্যস্থ যে-হাত, সেই হাতও টেপে
জপমালা আর মিথ্যেমানুষেরা সাধু সাধু বলে করে চীৎকার।

বাঘগুলো আজও বাঘ রয়ে গেছে, বৃক্ষেরা বৃক্ষই, শকুনগুলোও
শকুনই থাকলো, কেবল অদ্ভুত মানুষগুলোর মধ্যে কিছুতেই
মানুষ পাই না খুঁজে, শুধু ভণ্ড, প্রতারক আর অভিনেতা ছাড়া।

সবকিছুর সূত্র নেই

রজব বকশী

অন্ধকারে ঝলসে ওঠা আলো কখনো মুক্তির প্রতীক হয় না
আমরা জীবনকে নানামুখি সংজ্ঞায় বেঁধে ফেলি
তবু মৌলিকতা হারায় না

সময় তার নিজস্ব গোপন চুক্তিতে নিঃশব্দে হেঁটে যায়
ক্ষুধা ও তৃষ্ণার হিসাব তোলে না কেউ
যেন সবকিছুই সূত্রহীন
অসূত্র মাঝে মাঝে বিদ্রুপের হাসি ছুঁড়ে দেয়
মানুষের মুখে

শূন্যতার কালো পর্দা ভেদ করে নামে আলো-ছায়ার নকশা
যার ভেতর ছন্দ ও অছন্দ অদৃশ্য বিদ্রোহে লিপ্ত হয়
এই জীবন সমুদ্রের ঢেউয়ের মতো ভাঙতে ভাঙতে
একদিন হারিয়ে যাবে সময়ের অতলে
কোনো সূত্র না রেখেই

নিখাঁদ স্বপ্নের গহীনে

শাহীন ইবনে দিলওয়ার

অক্ষমতা সাশ্রয় করেছে অহেতুক
লম্ফঝম্প ডানাবিহীন ওড়ার সংকল্প
দূর্বলতায় নির্মেদ হয়েছে চেপে রাখা
ক্রোধের বারুদ ঠেকিয়েছে প্রলয়

মাঝে মাঝে মনে হয় হেরে যাওয়া
নির্বুদ্ধিতা নয় কারো বীরত্ব অথবা
চাতুর্যের শিকার নয় একটি পর্ব
যা মঞ্চায়িত হওয়া অনিবার্য ছিলো

হেরে যেয়ে হিংস্রতার আশ্রয়ে প্রাপ্তি
নিশ্চিত করে সন্তুষ্টি লাভের সাহস নেই
আততায়ীকে তাই খুঁজে না ঘাতক
ঘুমিয়ে পড়ে নিখাদ স্বপ্নের গহীনে।

উৎকণ্ঠার কফি এবং তোমার ফোনকল

আশরাফ হাসান

আমি তোমার উদ্বেগহীন ফোনকলের অপেক্ষায় থাকি
কিংবা খুঁজতে থাকি ট্যাক্স ম্যাসেজে তোমার নাম
টেলিগ্রামের তার তো ছিঁড়ে গ্যাছে অনেক আগেই
তুষারঝড়ের পর যেভাবে সময় স্থবির হয়ে পড়ে বরফের নৈরাষ্ট্রে
ডেফোডিল কিম্বা পলাশের ক্রন্দন ঢেকে যায় শাদা চাদরে

অথবা লাটিমের সুতো ধরা সেই বালকের মতো
যে জানে না একপায়ে ঘূর্ণিতে দাঁড়াতে পারবে কি না
যে জানে না সমুদ্রের আর্দ্র আমন্ত্রণে
ঘুমিয়েছে কি টর্নেডোর দিকচিহ্নহীন সন্ত্রাস!
লাল-নীল ভয়মাখা পত্রের মনোপলি থেকে
পরিশ্রান্ত ক্রেতার দরকষাকষি একপাশে রেখে
তোমার আদিম হাতের কুশললিপি পড়তে চেয়েছি;

বিশ্বাস করো, বারুদের গন্ধ যেমন পাখিরা টের পেয়ে যায়
তেমনি আমিও বুনো বাতাসের নিঃশ্বাস নিতে নিতে
উৎকণ্ঠার কফিতে হাত পোড়াতে পোড়াতে
বিধ্বস্ত সাইক্লোনের মতো লতাগুল্মের ঝাড়ে আছড়ে পড়েছি
এখন আর আত্মীয়হীন এই কংক্রিট-নগরে কেউ কল করে না
মাঝে মাঝে দু-একটি সীগাল উড়ে যায়
তোমার ছিন্ন সংযোগের আকাশ পথে

নতুন দিনের আলো

শাকেরা বেগম শিমু

নতুন আলোয় যাকনা কেটে
সকল আঁধার ঘোর,
অন্ধকারকে হটিয়ে খোলো
আলোর নতুন দোর।

সবার ঘরে বৃষ্টি নামুক
স্বপ্ন-আশা-শান্তি,
নতুন আলোয় দূর হয়ে যাক
মতের যতো ক্লান্তি।

নতুর দিনের নতুন আলো
খোলো নতুন দোর,
আঁধার নিশি কেটে গিয়ে
আসুক নতুন ভোর।

জালালাবাদ এসোসিয়েশনের ইফতার ও ক্বেরাত প্রতিযোগিতা সম্পন্ন



শেষ পৃষ্ঠায় পর

শিক্ষার্থীদের অংশগ্রহণে পবিত্র কুরআন তেলাওয়াত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় মোট ৯৬ জন অংশগ্রহণ করে। প্রতিযোগীদের মধ্য থেকে তিনটি ক্যাটাগরিতে ১৫ জনকে পুরস্কৃত করা হয়। ছেলেদের জন্য কুরআন তেলাওয়াত ও হিফজ এবং মেয়েদের জন্য শুধুমাত্র কুরআন তেলাওয়াত বিভাগ রাখা হয়। এ প্রতিযোগিতার মোট পুরস্কারের পরিমাণ ছিল ৬ হাজার ডলার। প্রথম স্থান অর্জনকারীরা প্রত্যেকে ১ হাজার ডলার, দ্বিতীয় স্থান অর্জনকারীরা ৫০০ ডলার এবং তৃতীয় স্থান অর্জনকারীরা ৩০০ ডলার করে পুরস্কার গ্রহণ করেন।

প্রতিযোগিতার বিচারকের দায়িত্ব পালন করেন মাওলানা সাব্বির আহমদ, হাফিজ নাজিম উদ্দিন ও হাফিজ আবু সুফিয়ান। কুরআন তেলাওয়াত প্রতিযোগিতার স্পন্সর ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, মেডেক্রুক মর্টগেজের ব্রোকার আকিব হোসেন, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকার সহসভাপতি শামীম আহমদ, সিপিএ জাকির চৌধুরী, হেলথ ফার্স্টের তৌহিদুল ইসলাম এবং জমজম ফার্মেসির সভাপতি নাফিউল হক। ইফতারের স্পন্সর করেন অ্যাপোলো ইন্স্যুরেন্স অ্যান্ড ব্রোকারেজের সিইও শামসের আলী।

ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি বদরুল হোসেন খান। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম। সভাপতি বদরুল হোসেন খান ইফতার মাহফিলে উপস্থিত হওয়ার জন্য

অলকাউন্টি হোম কেয়ারের ইফতার

নিউইয়র্ক: নিউইয়র্কের বাংলাদেশি মালিকানাধীন অলকাউন্টি হোম কেয়ারের উদ্যোগে গ্রাহক ও কমিউনিটির বিশিষ্টজনদের সম্মানে ইফতার মাহফিল গত ১১ মার্চ জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের কর্ণধার আব্দুল কাদের সিআইপির আমন্ত্রণে কমিউনিটির শীর্ষ স্থানীয় ব্যক্তিরা এ ইফতারে উপস্থিত ছিলেন।

নিউইয়র্ক বিএনপি নেতা গিয়াস আহমেদ, ইমাম কাজী কাইয়ুম, বিএনপি নেতা কাজী আযম, কমিউনিটি এক্টিভিস্ট শাহ শহিদুল হক, তারেক হাসান, কামরুল ইসলাম সনি, শাহ জে চৌধুরী, বাপার সাবেক প্রেসিডেন্ট শামসুল হক প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ইফতারের আগে উপস্থিত অতিথি ও মুসলিম উম্মার সমৃদ্ধি ও শান্তি কামনায় দোয়া করা হয়।

প্রতিষ্ঠানের কর্ণধার আব্দুল কাদের জানান, অল কান্ট্রি হোম কেয়ার গ্রুপের অধীনে বেশ কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে উল্লেখ যোগ্য অল কান্ট্রি হোম কেয়ার, অলকাউন্টি অ্যাডাল্ট ডে কেয়ার, নবান্ন রেস্টুরেন্ট, নবান্ন সুপার মার্কেট, বেঙ্গল ফেডারেল ক্রেডিট ইউনিয়ন, অল কাউন্টি মেডিকেল ট্রেনিং স্কুল ইত্যাদি।









জালালাবাদ এসোসিয়েশনের ইফতার ও ক্বেরাত প্রতিযোগিতা সম্পন্ন

১৬-এর পৃষ্ঠার পর

সবাইকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানের শুরুতে বালিকাদের বিভাগে চ্যাম্পিয়ন তাকওয়াদ চৌধুরী পবিত্র কুরআন তেলাওয়াত করেন। দোয়া পরিচালনা করেন ওজন পার্ক মসজিদের শিক্ষক হাফিজ নাজিম উদ্দিন।

অংশগ্রহণকারী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন সংগঠনের কর্মকর্তা এবং নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য জেনিফার রাজকুমার।

ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সিনিয়র সহসভাপতি দেওয়ান মহিউদ্দিন, কনসাল জেনারেল মোজাম্মেল হক, সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি আজিজুর রহমান বুরহান, মকবুল রহিম চুনই, মোস্তফা কামাল, বিয়ানীবাজার সমিতির সাবেক সহসভাপতি মুহিবুর রহমান রুহুল, ফরহাদ আহমদ সোলায়মান, সাবেক সাধারণ সম্পাদক জুয়েল চৌধুরী, আব্দুল হাছিব মামুন, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ময়নুল হক চৌধুরী হেলাল, আব্দুশ শহীদ, বিয়ানীবাজার সমিতির প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান পাখি, উপদেষ্টা মোজাহিদুল ইসলাম, গহর চৌধুরী কিনু, জুনেদ চৌধুরী প্রমুখ।

এছাড়া উপস্থিত ছিলেন ইফতার মাহফিলের আহ্বায়ক শামীম আহমদ, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ শফি উদ্দিন তালুকদার, সদস্য সচিব মোহাম্মদ ফজল খান, সদস্য মোহাম্মদ আলীম, হোসেন আহমদ, মুন্না মুনতাসির, আব্দুল আজিজ ও হুমায়ুন কবির সোহেল। সংগঠনের সহসভাপতি লোকমান হোসেন লুকু (সিলেট), শামীম আহমদ (সুনামগঞ্জ), মোহাম্মদ শফি উদ্দিন তালুকদার (হবিগঞ্জ), মোহাম্মদ জাবেদ উদ্দিন (মৌলভীবাজার), সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ জিল্লুর রহমান খান, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সল আলম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক হুসেন আহমদ, ক্রীড়া সম্পাদক মুন্না মুনতাসির, আইন ও আন্তর্জাতিক সম্পাদক বুরহান উদ্দিন, সমাজকল্যাণ সম্পাদক জাহিদ আহমদ খান, মহিলা বিষয়ক সম্পাদক সারা উদ্দিন, কার্যকরী সদস্য আব্দুল আজিজ (সিলেট), হুমায়ুন কবির সোহেল (সুনামগঞ্জ), দেলোয়ার হোসেন মানিক (হবিগঞ্জ) ও মোহাম্মদ ফজল খান (মৌলভীবাজার), উপদেষ্টা বদরুন নাহার খান মিতা ও সদরুন নূর।























নিউইয়র্কবাসী রিবেট পাবেন ৫০০ ডলার!

শেষ পৃষ্ঠার পর

ডলারের আর্থিক সহায়তা প্রদান করা হবে।

আইনপ্রণেতারা বলছেন, সাম্প্রতিক সময়ে বিদ্যুৎ ও গ্যাসের দাম বৃদ্ধি পাওয়ায় অনেক পরিবারকে মাসিক খরচ সামাল দিতে হিমশিম খেতে হচ্ছে। বিশেষ করে নিম্ন ও মধ্যম আয়ের পরিবারগুলো এই বাড়তি খরচে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই তাদের আর্থিক চাপ কিছুটা কমাতে এই রিবেট কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি) এবং জ্বালানি কমিটির চেয়ার ডিডি ব্যারেট জানান, অ্যাসেম্বলির বাজেট পরিকল্পনায় শুধু রিবেট চেকই নয়, বরং ইউটিলিটি খরচ কমাতে আরও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ অন্তর্ভুক্ত করা হয়েছে।

এর মধ্যে একটি বড় প্রস্তাব হলো বিদ্যুৎ ও গ্যাসের নতুন রেট বৃদ্ধি অনুমোদনের ওপর দুই বছরের জন্য স্থগিতাদেশ বা মোরাটোরিয়াম জারি করা। পাশাপাশি আগে অনুমোদিত যেসব রেট বৃদ্ধি কার্যকর হওয়ার কথা রয়েছে, সেগুলোর বাস্তবায়নও সাময়িকভাবে বন্ধ রাখার পরিকল্পনা করা হয়েছে।

আইনপ্রণেতাদের মতে, এই মোরাটোরিয়াম কার্যকর হলে সাধারণ গ্রাহকদের ওপর হঠাৎ করে বাড়তি বিলের চাপ পড়বে না এবং তারা কিছুটা সময়ের জন্য আর্থিক স্বস্তি পাবেন।

এছাড়া বাজেট প্রস্তাবে "Blue Ribbon Commission on Residential Affordability Through Energy Savings" নামে একটি বিশেষ কমিশন গঠনের পরিকল্পনা রয়েছে। এই কমিশন বিদ্যুৎ ও গ্যাসের বিল বাড়ার পেছনের কারণগুলো বিশ্লেষণ করবে এবং ভবিষ্যতে কীভাবে আবাসিক গ্রাহকদের জন্য খরচ কমানো যায় সে বিষয়ে সুপারিশ প্রদান করবে।

বিশেষজ্ঞদের মতে, জ্বালানি অবকাঠামো উন্নয়ন, উৎপাদন খরচ বৃদ্ধি এবং বিভিন্ন নীতিগত পরিবর্তনের কারণে সাম্প্রতিক বছরগুলোতে ইউটিলিটি খরচ বাড়ছে। তাই দীর্ঘমেয়াদে কার্যকর সমাধান বের করতে এই কমিশনের গবেষণা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তবে এই প্রস্তাব কার্যকর হতে হলে রাজ্যের চূড়ান্ত বাজেট অনুমোদনের প্রক্রিয়া সম্পন্ন হতে হবে। বাজেট পাস হলে তবেই বাসিন্দারা এই রিবেট চেক এবং অন্যান্য সুবিধা পাওয়ার সুযোগ পাবেন।

আইনপ্রণেতারা আশা করছেন, এই উদ্যোগ বাস্তবায়িত হলে বাড়তি জ্বালানি ব্যয়ের চাপ থেকে নিউ ইয়র্কের লাখো পরিবার কিছুটা হলেও স্বস্তি পাবে এবং দৈনন্দিন জীবনযাত্রার ব্যয় সামাল দিতে সুবিধা হবে।

নিউইয়র্ক সিটিতে ফুড ভেন্ডর আবেদন শুরু

শেষ পৃষ্ঠার পর

সময়ে বছরজুড়ে কার্যকর মোবাইল ফুড ভেন্ডিং পারমিট পাওয়ার পথ তৈরি হয়। মোবাইল ফুড ভেন্ডরদের মধ্যে মূলত ফুড ট্রাক ও রাস্তার পাশে স্থাপিত খাবারের কার্ট পরিচালনাকারীরা অন্তর্ভুক্ত।

সিটি প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ২০২৩ সালে এই কর্মসূচি চালুর পর এই প্রথমবারের মতো সুপারভাইজরি লাইসেন্সের অপেক্ষমাণ তালিকা বা ওয়েইট লিস্ট আবার খোলা হলো।

নিউইয়র্ক সিটির ডেপুটি মেয়র ফর হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর হেলেন আর্টেগা বলেন, সিটি প্রশাসন বিশেষভাবে প্রতিবন্ধী ও সাবেক সেনা সদস্যদের সহায়তা করতে চায়। যাতে তারা নিজস্ব ফুড ট্রাক পরিচালনা করে স্বাবলম্বী হতে পারেন এবং পরিবারের জন্য আয় করতে পারেন।

তিনি বলেন, এই উদ্যোগের মাধ্যমে এসব সম্প্রদায়ের মানুষের জন্য বৈধ খাদ্য বিক্রির ব্যবস্থায় প্রবেশের একটি সুস্পষ্ট পথ তৈরি করা হচ্ছে। একই সঙ্গে সিটির খাদ্য নিরাপত্তা মান বজায় রাখার বিষয়টিও গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

সিটির হেলথ কমিশনার অ্যালিস্টার মার্টিন বলেন, নতুন করে ওয়েইট লিস্ট খোলার ফলে যুক্তরাষ্ট্রের আরও অনেক ভেটেরান ও প্রতিবন্ধী ব্যক্তি মোবাইল ফুড ভেন্ডিং ব্যবস্থায় প্রবেশের সুযোগ পাবেন। এতে একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে, অন্যদিকে শহরের নিয়ন্ত্রিত খাদ্য বিক্রির ব্যবস্থাও শক্তিশালী হবে।

সিটি কর্তৃপক্ষ জানিয়েছে, মোট ৩০০ জন ভেটেরান ও প্রতিবন্ধী আবেদনকারী এই সুপারভাইজরি লাইসেন্সের অপেক্ষমাণ তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পাবেন। নির্বাচিত ব্যক্তিরা আগামী ১ জুলাই থেকে এই লাইসেন্সের তালিকায় যুক্ত হবেন।

যারা এই তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে চান তারা অনলাইনে আবেদন করতে পারবেন অথবা ৩১১ নম্বরে ফোন করে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। সিটি প্রশাসন জানিয়েছে, ২৮ এপ্রিল পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা শুরুসহ বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৩ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাহায্যে পাঠাতে পারেন।

দেশে কোন জোশপত্নীয় সম্পত্তি/পরিবারের দ্বারা আপনি ও আপনার পরিবার ৎ ভোগের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

